রবীন্দ্র কুইজ

ডঃ দিগ্বিজয় দে সরকার

রবীন্দ্র কুইজ

প্রশ্নবাণঃ রবীন্দ্রনাথকে ঘিরে

ডঃ দিগ্বিজয় দে সরকার

মালা পাবলিকেশন্‌স
৫১, কালিনাথ মুন্সী লেন
কলিকাতা—৭০০০৩৬

প্রকাশক :
আশিস্ কুমার বর্দ্ধন
মালা পাবলিকেশন্স
৫১ কালিনাথ মুন্সী লেন
কলিকাতা—৭০০০৩৬

প্রথম সংস্করণ :
ফেব্রুয়ারী, ১৯৮৮

প্রচ্ছদ : রঞ্জিত দাস

ব্যবস্থাপনায় :
সমর দে
মথুরা দেবনাথ
দিলীপ কুণ্ড

মূল্য : ১০·০০ টাকা

মুদ্রাকর :
নিতাই সামন্ত
পুষ্প প্রিন্টার্স
১৫ এ, অনাথ দেব লেন
কলিকাতা—৭০০০০৬

প্রাপ্তিস্থান

মালা পাবলিকেশন্স,
৪, নিমাই বোস লেন
কলিকাতা—৭০০০০৬

আই. পি. পি. কোং (প্রাঃ) লিঃ
১, রাজেন্দ্র দেব রোড
কলিকাতা—৭০০০০৭

প্রকাশকের কথা

রবীন্দ্রনাথ তাঁর জীবনকালেই হয়ে উঠেছিলেন কিংবদন্তির এক মহানায়ক। তাঁকে ঘিরে হাজারো প্রশ্ন হাজারো মানুষের মধ্যে। সম্প্রতিকালে রবীন্দ্রনাথকে আরও গভীর ও আন্তরিকভাবে জানবার আগ্রহ সর্বস্তরের মানুষের মধ্যে দেখা দিয়েছে। কিন্তু সমগ্র রবীন্দ্র সাহিত্য বা রবীন্দ্র জীবনী পাঠ করা সকলের পক্ষে সম্ভব নয়।

এই সমস্যার কথা ডঃ দিগ্বিজয় দে সরকারের কাছে রেখেছিলাম। ডঃ দে সরকার বাংলা ভাষা ও সাহিত্যের উৎসাহী পাঠক ও অধ্যাপক। মহাকবি সম্পর্কে প্রশ্নমালা ও উত্তর তিনি তৈরী করে দেন রবীন্দ্র সাহিত্য ও জীবনীর সামগ্রিকতার উপর লক্ষ্য রেখে।

এই গ্রন্থ ছাপানোর পর রবীন্দ্রনাথ সম্পর্কে কিছু নূতন তথ্য আমাদের হাতে আসে। পরবর্তী সংস্করণে সেগুলো পরিবেশনের ইচ্ছা থাকলো। জিজ্ঞাসু পাঠক গ্রন্থটি পড়ে রবীন্দ্র সাহিত্যের প্রতি আকৃষ্ট হলে আমাদের শ্রম সার্থক হয়েছে বলে মনে করব।

২১শে ফেব্রুয়ারী, '৮৮

বিনীত

আশিস কুমার বর্দ্ধন

উৎসর্গ

অধ্যাপক ভৃগু মণ্ডল
অধ্যাপক উদয় শঙ্কর বর্মা

প্রীতিভাজনেষু

সূচী

বংশ পরিচয়

১। ঠাকুর গোষ্ঠীর আদি পুরুষের নাম কি ?

☐ জগন্নাথ বন্দ্যোপাধ্যায় [বাঁড়ুয্যে]।

২। জগন্নাথের বাড়ী কোথায় ছিল ?

☐ বাংলাদেশেরখুলনার অর্ন্তগত বারো গ্রামে।

৩। এই বংশের কে বা কারা কেন কোলকাতা চলে আসেন ?

☐ জগন্নাথের পাঁচ পুরুষ পরে মহেশ্বর ও শুকদেব জ্ঞাতিদের সঙ্গে বনিবনা না হওয়ায় চলে আসেন কোলকাতার গোবিন্দপুর গ্রামে।

৪। আদি গঙ্গার ধারে কে বাড়ি করেন ?

☐ মহেশ্বরের ছেলে পঞ্চানন।

৫। পঞ্চাননের উপাধী 'ঠাকুর' হল কেমন করে ?

☐ নিম্নশ্রেণীর হিন্দুরা ও সাহেবগণ তাকে 'ঠাকুর' বলে সম্বোধন করতেন। সেই থেকেই ঠাকুর উপাধী।

৬। দ্বারকানাথ পঞ্চাননের কে হন ?

দ্বারকানাথ ঠাকুর পঞ্চাননের প্রপৌত্র।

৭। দ্বারকানাথ রবীন্দ্রনাথের কে হন ?

☐ তিনি রবীন্দ্রনাথের পিতামহ, দেবেন্দ্রনাথের পিতা।

৮। দ্বারকানাথের জন্ম কবে হয়েছিল ?

☐ ১৭৯৪ খ্রীষ্টাব্দে।

৯। দ্বারকানাথ ক'বার বিলাত যান এবং কোন কোন সময়ে ?

☐ দু'বার বিলাত যান, ১৮৪২ ও ১৮৪৪ খ্রীষ্টাব্দে।

১০। তিনি কোথায় মারা যান ? কত বৎসর বয়সে ?

☐ বিলাতে ৫৫ বৎসর বয়সে দ্বারকানাথ মৃত্যুবরণ করেন।

১১। রবীন্দ্রনাথের পিতার জন্ম কাল ?

☐ রবীন্দ্রনাথের পিতা দেবেন্দ্রনাথ ঠাকুরের জন্ম ১৮১৭ খ্রীষ্টাব্দে।

১২। দেবেন্দ্রনাথকে মহর্ষি বলা হয় কেন ?

☐ তিনি ব্রাহ্ম ধর্মের একনিষ্ঠ সাধক ও প্রচারক ছিলেন বলে।

১৩। দেবন্দ্রনাথের কর্ম জীবন কোথায় শুরু হয় ?

☐ ইউনিয়ন ব্যাংকে, কোষাধ্যক্ষ হিসাবে।

১৪। কোন ঘটনায় দেবেন্দ্রনাথের মনে উদাস ভাব জাগে ?

☐ পিতামহী অলকাদেবীকে দাহ করতে এসে তাঁর মনে আনন্দময় উদাস ভাব জাগে।

১৫। এই সময় দেবেন্দ্রনাথের বয়স কত ছিল ?

☐ মাত্র ২১ বছর।

১৬। ব্রাহ্ম সমাজের ভার তাঁর উপর এলো কখন ?

☐ ১৮৪২ খ্রীষ্টাব্দে।

১৭। দেবেন্দ্রনাথ রায়পুরে যেতেন কেন ?

☐ বীরভূমের রায়পুরের সিংহ পরিবারের সঙ্গে দেখা করতে।

১৮। ভূবন ডাঙ্গার মাঠ কোথায় ?

☐ বীরভূমে। রায়পুরের সিংহদের জমি ছিল এটি।

১৯। দ্বারকানাথ ঠাকুর কত টাকা দেনা রেখে যান ?

☐ এক কোটি সত্তর লক্ষটাকা।

২০। শান্তিনিকেতনে কত বছর ছিলেন দেবেন্দ্রনাথ ?

☐ জীবনের শেষ চল্লিশ বছর।

২১। দেবন্দ্রনাথ কত বছর বয়সে মারা যান ?

☐ ৮৮ বছর বয়সে।

২২। রবীন্দ্রনাথের মায়ের নাম কি ?

☐ সারদা দেবী।

২৩। কত বছর বয়সে সারদা দেবীর বিয়ে হয় ?

☐ ৬ বা ৭ বছর বয়সে বিয়ে হয়।

২৪। সারদাদেবী কখন কেমন করে মারা যায় ?

☐ ১৮৭৫ খ্রীষ্টাব্দে মারা যান, আঙ্গুলে ক্যান্সার হয়ে।

২৫। সারদা দেবীর ক'টি সন্তান ছিল ?

☐ পনেরটি সন্তান ছিল।

২৬। দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের জীবনকাল ?

☐ ১৮৪০—১৯২৬ খ্রীষ্টাব্দ।

২৭। সত্যেন্দ্রনাথ ঠাকুরের জীবনকাল ?

☐ ১৮৪২—১৯২৩ খ্রীষ্টাব্দ।

২৮। হেমেন্দ্রনাথের জীবনকাল ?

☐ ১৮৪৪—১৮৮৪ খ্রীষ্টাব্দ।

২৯। বীরেন্দ্রনাথের জীবনকাল ?

☐ ১৮৪৫—১৯১৫ খ্রীষ্টাব্দ।

৩০। সৌদামিনীদেবীর জীবনকাল ?

☐ ১৮৪৭—১৯২০ খ্রীষ্টাব্দ।

৩১। জ্যোতিরিন্দ্রনাথের জীবনকাল ?

☐ ১৮৪৯—১৯২৫ খ্রীষ্টাব্দ।

৩২। সুকুমারীদেবীর জীবনকাল ?

☐ ১৮৫০—১৮৬৪ খ্রীষ্টাব্দ।

৩৩। পুন্যেন্দ্রনাথের জীবনকাল ?

☐ ১৮৫১—১৮৫৭ খ্রীষ্টাব্দ।

৩৪। শরৎ কুমারীদেবীর জীবনকাল ?

☐ ১৮৫৪—১৯২০ খ্রীষ্টাব্দ।

৩৫। স্বর্ণকুমারী দেবীর জীবনকাল ?

☐ ১৮৫৬—১৯৩২ খ্রীষ্টাব্দ।

৩৬। বর্ণকুমারীদেবীর জীবনকাল ?

☐ ১৮৫৮—১৯৫০ খ্রীষ্টাব্দ।

৩৭। সোমেন্দ্রনাথ ঠাকুরের জীবনকাল ?

☐ ১৮৫৯—১৯২২ খ্রীষ্টাব্দ।

৩৮। রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনকাল ?

☐ ১৮৬১—১৯৪১ খ্রীষ্টাব্দ।

৩৯। বুধেন্দ্রনাথ ঠাকুরের জীবনকাল ?

☐ ১৮৬৩—১৮৬৪ খ্রীষ্টাব্দ।

৪০। জোড়াসাঁকোর ঠাকুর পরিবারের গৃহস্থাপন কে করেন?

☐ নীলমণি ঠাকুর।

৪১। কত খ্রীষ্টাব্দে এই গৃহ স্থাপন করা হয় ?

☐ ১৭৮৪ খ্রীষ্টাব্দে।

৪২। নীলমণির মৃত্যু হয় কখন ?

☐ ১৭৯১ খ্রীষ্টাব্দে।

৪৩। দ্বারকানাথকে কে দত্তক নেন ?

☐ জ্যেষ্ঠতাত রামলোচন।

৪৪। দ্বারকানাথের পিতার ও মাতার নাম কি ?

☐ পিতার নাম রামমণি, মাতার নাম অলকাসুন্দরী।

৪৫। ব্রাহ্মসমাজ স্থাপন কবে হয় ?

☐ ১৮২৮ খ্রীষ্টাব্দে ২০শে আগষ্ট।

৪৬। 'কার ঠাকুর 'কোম্পানি' কবে স্থাপিত হয় ?

☐ ১৮৩৪ খ্রীষ্টাব্দে।

৪৭। বেঙ্গল ল্যাণ্ড হোল্ডারস এ্যাসোসিয়েশন কে কবে স্থাপন করেন ?

☐ ১৭৩৮ খ্রীষ্টাব্দে দ্বারকানাথ ঠাকুর স্থাপন করেন।

৪৮। দিগম্বরী দেবী কে ? তিনি কবে মারা যান ?

☐ দিগম্বরী দেবী দ্বারকানাথের পত্নী, ১৮৩৯ খ্রীষ্টাব্দে মারা যান।

৪৯। তত্ত্ববোধিনী সভা কে কবে স্থাপন করেন ?

☐ দ্বারকানাথ ঠাকুর ১৮৩৯ খ্রীষ্টাব্দে এই সভা স্থাপন করেন।

৫০। তত্ত্ববোধিনী পত্রিকা কবে প্রকাশিত হয় ?

☐ ১৮৪৩ খ্রীষ্টাব্দে।

৫১। দেবেন্দ্রনাথ ঠাকুর ব্রাহ্মধর্মে কখন দীক্ষা নেন ?

☐ ২২শে ডিসেম্বর, ১৮৪৭ খ্রীষ্টাব্দে।

৫২। কে কবে বেঙ্গল কোল কোম্পানী স্থাপন করেন ?

☐ দ্বারকানাথ ঠাকুর কর্তৃক ১৮৪৫ খ্রীষ্টাব্দে ঐ কোম্পানী স্থাপিত হয়।

৫৩। দ্বারকানাথ কখন মারা যান ?

☐ তিনি মারা যান ১লা আগষ্ট, ১৮৪৬ খ্রীষ্টাব্দে।

৫৪। ব্রিটিশ ইণ্ডিয়া এ্যাসোসিয়েশন কখন স্থাপিত হয় ?

☐ ১৮৫১ খ্রীষ্টাব্দে, ৩১ শে অক্টোবর।

৫৫। হিন্দু বিধবা আইন পাশ কবে হয়েছিল ?

☐ ১৮৫৯ খ্রীষ্টাব্দে।

৫৬। কেশবচন্দ্র সেন ব্রাহ্ম সমাজের আচার্য কবে হন ?

☐ ১৮৬২ খ্রীষ্টাব্দে।

৫৭। ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ কখন স্হাপিত হয় ?

☐ ২৪শে জানুয়ারী, ১৮৬৬ খ্রীষ্টাব্দে।

৫৮। 'ভারতী' পত্রিকা কে কবে প্রবর্তন করেন ?

☐ দ্বিজেন্দ্রনাথ ঠাকুর ১৮৭৭ খ্রীষ্টাব্দে।

৫৯। রবীন্দ্রনাথ প্রথম কবে বিলেত যান ?

☐ ১৮৭৮ খ্রীষ্টাব্দে।

৬০। দেবেন্দ্রনাথের মৃত্যু কখন হয় ?

☐ ১৯০৫ খ্রীষ্টাব্দে।

৬১। রাজলক্ষ্মী দিদিমা কে ?

☐ মৃণালিনী দেবীর গ্রাম সম্পর্কে পিসিমা। মৃণালিনী দেবী মারা গেলে ইনিই রবীন্দ্রনাথের ছেলে মেয়েদের দেখাশুনা করতেন।

৬২। রবীন্দ্রনাথের বিয়ে কখন হয় এবং কার সঙ্গে ?

☐ বিয়ে হয় ২৪শে অগ্রহায়ন, ১২৯০ (১৮৮৩ খৃঃ) সালে। স্ত্রীর নাম ভবতারিণী দেবী। পরে নাম হয় মৃণালিনী দেবী।

৬৩। রবীন্দ্রনাথের প্রথম সন্তানের নাম কি ?

☐ বেলা—মাধুরীলতা। জন্ম হয় ১২৯৩ সালে।

৬৪। রবীন্দ্রনাথের জ্যেষ্ঠপুত্র কে ? তিনি কবে জন্মান ?

☐ রথীন্দ্রনাথ ঠাকুর, জন্ম হয় ১২৯৫ সালে।

৬৫। রবীন্দ্রনাথের তৃতীয় সন্তান কে ?

☐ রেণুকা, জন্ম হয় ১২৯৭ সালে।

৬৬। চতুর্থ সন্তানটির নাম কি ?

☐ মীরা, তিনি জন্মগ্রহণ করেন ১২৯৯ সালে।

৬৭। রবীন্দ্রনাথের কনিষ্ঠ পুত্র কে ? তার জন্ম হয় কখন ?

☐ শমীন্দ্রনাথ, ১৩০১ সালে জন্ম।

৬৮। মৃণালিনী দেবী কখন মারা যান ?

□ ২৩শে নভেম্বর, ১৯০২ খ্রীষ্টাব্দে।

৬৯। মীরাদেবীর মৃত্যু কখন হয় ?

□ ১৫ই মার্চ, ১৯৬৯ খ্রীষ্টাব্দে।

৭০। মাধুরীলতার বিয়ে হয় কার সঙ্গে ?

□ বিহারীলাল চক্রবর্তীর তৃতীয় পুত্র শরৎকুমার চক্রবর্তীর সঙ্গে।

৭১। মাধুরীলতা কবে মারা যান ?

□ মাধুরীলতা মারা যান ১৯১৮ খ্রীষ্টাব্দে।

৭২। রেণুকা মারা যান কখন ?

□ ১৯০৩ খ্রীষ্টাব্দে।

৭৩। সমীন্দ্রনাথের মৃত্যু কবে হয় ?

□ ১৯০৭ খ্রীষ্টাব্দে।

৭৪। গগনেন্দ্রনাথের জন্ম হয় কবে ?

□ ১৮৬৭ খ্রীষ্টাব্দে।

৭৫। অবনীন্দ্রনাথের জন্ম হয় কবে ?

□ ১৮৭১ খ্রীষ্টাব্দে।

৭৬। কাদম্বরীদেবী কখন আত্মহত্যা করেন ?

□ জ্যোতিরিন্দ্রনাথের পত্নী কাদম্বরীদেবী ১৮৮৪ খ্রীষ্টাব্দে আত্মহত্যা করেন।

৭৭। জ্যোতিরিন্দ্রনাথের মৃত্যু কবে হয় ?

□ ১৯২৫ খ্রীষ্টাব্দে।

৭৮। সত্যেন্দ্রনাথের মৃত্যু কখন হয় ?

□ ১৯২৩ খ্রীষ্টাব্দে।

৭৯। দ্বিজেন্দ্রনাথের মৃত্যু কখন হয় ?

□ ১৯২৬ খ্রীষ্টাব্দে।

ব্রহ্মচর্যাশ্রম, শান্তিনিকেতন, বিশ্বভারতী

১। ভূবন ডাঙ্গার মাঠটি কাদের ছিল ?

☐ রায়পুরের সিংহদের ।

২। কে কবে এই মাঠ কিনে নেন ?

☐ দেবেন্দ্রনাথ ঠাকুর এই মাঠ (বিশ বিঘা) কিনে নেন ১২৬১ সালের ১৮ই ফাল্গুন ।

৩। শান্তিনিকেতনের আশ্রম কখন স্থাপিত হয় ?

☐ ১৮৮৮ খ্রীষ্টাব্দে ১৯শে অক্টোবর ।

৪। শান্তিনিকেতনে ব্রাহ্মমন্দির স্থাপিত হয় কখন ?

☐ ১৮৯১ খ্রীষ্টাব্দে ।

৫। শান্তিনিকেতনে ব্রহ্মচর্য আশ্র কখন স্থাপিত হয় ?

☐ ২২শে ডিসেম্বর, ১৯০১ খ্রীষ্টাব্দে ।

৬। গান্ধীজী শান্তিনিকেতনে প্রথম কখন আসেন ?

☐ ১৭ই ফেব্রুয়ারী, ১৯১৫ খ্রীষ্টাব্দে ।

৭। শান্তিনিকেতন প্রতিষ্ঠাকাল ?

☐ ১৮৮৭ খ্রীষ্টাব্দে ।

৮। ব্রাহ্মচর্য বিদ্যালয় কখন স্থাপিত হয় ?

☐ ১৩০৮ সালে ৭ই পৌষ ।

৯। শ্রীনিকেতন কখন প্রতিষ্ঠিত হয় ?

☐ ১৩২৮ সালে ।

১০। বিশ্বভারতীর প্রতিষ্ঠা কখন হয় ?

☐ ৮ই পৌষ, ১৩২৫ [২৩ ডিসেম্বর, ১৯২১ খ্রীষ্টাব্দে আনুষ্ঠানিক উদ্বোধন হয়]

১১। কত খ্রীষ্টাব্দে বিশ্বভারতী কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে পরিণত হয় ?

☐ ১৯৫১ খ্রীষ্টাব্দে ।

১২। জালিয়ানওয়ালা বাগের হত্যাকাণ্ড কখন ঘটে ?

☐ ১৩ই এপ্রিল, ১৯১৯ খ্রীষ্টাব্দে।

১৩। 'নাইট' উপাধী ত্যাগ কখন করেন কবি ?

☐ ২৯শে এপ্রিল, ১৯১৯ খ্রীষ্টাব্দে।

১৪। রবীন্দ্রনাথের অনুরোধে গান্ধীজী অনশন ত্যাগ করেন কত খৃষ্টাব্দে।

☐ ১৯৩২ খ্রীষ্টাব্দে।

১৫। শান্তিনিকেতনে চীনা ভবনের উদ্বোধন কখন হয় ?

☐ ১৯৩৭ খ্রীষ্টাব্দে।

১৬। হিন্দি ভবনের দ্বার উদ্ঘাটন কে কবে করেন ?

☐ জহরলাল নেহরু, ১৯১৯ খ্রীষ্টাব্দে।

১৭। গান্ধীজী শান্তিনিকেতনে দ্বিতীয়বার আসেন কবে ?

☐ ১৭ই ফেব্রুয়ারী, ১৯৪৯ খ্রীষ্টাব্দে।

১৮। ৭ই পৌষকে কেন এত গুরুত্ব দেওয়া হয়।

☐ ১২৯৪ সালের ৭ই পৌষ মহর্ষি দেবেন্দ্রনাথের দীক্ষালাভের দিন। ঐ দিনটিতে শান্তিনিকেতনে উৎসব হবে বলে দেবেন্দ্রনাথ নির্দেশ দিয়ে গেছেন।

১৯। শান্তিনিকেতনের প্রহরী আর মালীর নাম কি ছিল ?

☐ প্রহরী ডাকাত সর্দার দ্বারী, আর মালী দ্বারীর ছেলে হরিশ।

২০। শান্তিনিকেতনের বেদীতে কী লেখা আছে ?

☐ "আমার প্রাণের আরাম, মনের আনন্দ, আত্মার শান্তি"—এই কথাগুলো লেখা আছে।

২১। ব্রাহ্মচার্য বিদ্যালয়ের ক্লাশ কোথায় হত ?

☐ গাছতলায় আসন পেতে।

২২। রবীন্দ্রনাথ ছাড়া আর কে পড়াতেন এই স্কুলে ?

☐ জগদানন্দ রায় প্রমুখ শিক্ষকগণ।

২৩। পড়া কতক্ষণ চলতো ?

☐ পড়া চলতো ১০-৩০ মিঃ পর্য্যন্ত।

২৪। ছাত্ররা একে অপরের কাজ করতো কি ?

☐ পালাকরে একে অন্যের বিছানা পেতে দিতো।

২৫। স্কুলের ছেলেরা জুতো, ছাতা ব্যবহার করতো কি ?

না, ওসবের চল ছিল না।

২৬। ভাতের সঙ্গে প্রত্যহ অবশ্যই কি দেওয়া হত ?

□ ভাতের সঙ্গে প্রথমেই দেওয়া হত টাটকা ঘী এক চামচ করে।

২৭। মেয়েদের বাসভবনের নাম কি ছিল ?

□ শ্রীভবন।

২৮। লেখাপড়া ছাড়াও মেয়েরা আর কি শিখতো ?

□ ছবি আঁকা, পুতুলগড়া, আল্‌পনা দেওয়া, সেলাই, নার্সিং, গান ও ব্যয়াম।

২৯। শ্রীনিকেতন কোথায় অবস্থিত ?

□ সুরুল গ্রামে।

৩০। শ্রীনিকেতনে কেমন করে শিক্ষা দেওয়া হয় ?

□ এখানে হাতে কলমে শিক্ষা দেওয়া হয়।

৩১। বিশ্বভারতীর কলা বিভাগের প্রথম অধ্যক্ষ কে ছিলেন ?

□ এই বিভাগের প্রথম অধ্যক্ষ নন্দলাল বসু।

৩২। বিশ্বভারতীর পরিধি কতটা ?

□ এর আয়তন ১১½ বর্গমাইল। উত্তরে কোপাইনদী, পশ্চিমে বল্লভপুর ও বনুড়ি গ্রাম থেকে বাঁধগোড়া পর্য্যন্ত, দক্ষিণে বাঁধগোড়া থেকে বোলপুর ডাকবাংলা, ইস্টইণ্ডিয়ান রেলপথের সেতু পর্য্যন্ত এবং পূর্বে ইস্টইণ্ডিয়া রেলপথ।

৩৩। সরকার কখন বিশ্বভারতীর দায়িত্ব গ্রহণ করে ?

□ ১৯৫১ সালে।

৩৪। দিনেন্দ্রনাথ ঠাকুর কে ?

□ তিনি ছিলেন রবীন্দ্রনাথের গানের ভাণ্ডারী।

৩৫। সন্তোষচন্দ্র মজুমদার কে ?

□ শ্রীশচন্দ্র মজুমদারের ছেলে, শান্তিনিকেতনের খেলাধুলার শিক্ষক ছিলেন তিনি।

৩৬। মিস্টার অ্যাণ্ড্রুজ ও মিস্টার পিয়ার্সণ কে ?

□ নোবেল প্রাইজ পাওয়ার আগে রবীন্দ্রনাথ বিলেত গিয়েছিলেন।

দেশে ফেরার সময় এই দুই তরুণ ইংরেজ রবীন্দ্রনাথের সঙ্গে আসেন শান্তিনিকেতনে যোগ দেবার জন্য।

৩৭। মিস্টার পিয়ার্সণের গ্রন্থের নাম কি?

☐ 'ফর ইন্ডিয়া'।

৩৮। অজিত কুমার চক্রবর্তী কে?

☐ রবীন্দ্রভক্ত ও সমালোচক। শান্তিনিকেতনের ইংরাজী অধ্যাপক ছিলেন। মৃত্যু ১৩২৫ সালে। রবীন্দ্রনাথের কর্মসচিবও ছিলেন তিনি।

৩৯। শরৎ কুমার রায় কে?

☐ শান্তিনিকেতনের ইতিহাস-বাংলা শিক্ষক ছিলেন।

৪০। কালীমোহন ঘোষ কে?

☐ শিশু বিভাগের অধ্যক্ষ ছিলেন, পরে রবীন্দ্রনাথের পল্লী উন্নয়ন কাজে যোগ দেন।

৪১। জগদানন্দ কে ছিলেন?

☐ প্রথমে রবীন্দ্রনাথের জমিদারীতে কাজ করতেন। পরে শান্তি-নিকেতনের প্রথম যুগের খ্যাতনামা শিক্ষক।

৪২। হরিচরণ বন্দ্যোপাধ্যায় কে?

☐ ইনি প্রথমে রবীন্দ্রনাথের জমিদারীতে কাজ করতেন। পরে শান্তিনিকেতনে যোগ দেন। ইনি বাংলা ও সংস্কৃত পড়াতেন।

৪৩। নন্দলাল বসু কে?

☐ শিল্পী নন্দলাল বসু কলাভবনের অধ্যক্ষ ছিলেন। বিশ্ব-ভারতীর অন্যতম রূপকার।

৪৪। ক্ষিতিমোহন সেন কে?

☐ ইনি শান্তিনিকেতনে যোগ দেন ১৯০৮ সালে। ঠাকুর্দা নামে পরিচিত। তাঁর আধ্যাপনায় সকলেই উপকৃত হয়েছিল।

৪৫। বিধুশেখর শাস্ত্রী কে?

☐ পালি ও প্রাকৃতে পণ্ডিত শাস্ত্রী মহাশয় ছিলেন বিশ্বভারতীর উচ্চতর জ্ঞান-চর্চা বিভাগের অধ্যক্ষ।

৪৬। নেপালচন্দ্র রায় কে ছিলেন ?

☐ শান্তিনিকেতনে আসেন ১৯০১ সালে (?) ইংরাজী ও ইতিহাস পড়াতেন, সদা হাস্যময় ব্যক্তি ছিলেন।

৪৭। প্রভাতকুমার মুখোপাধ্যায় কে ছিলেন ?

☐ বিশ্বভারতীর গ্রন্থাগারিক পণ্ডিত ও রবীন্দ্রসমালোক। তিনি বিখ্যাত রবীন্দ্রজীবনীকার।

৪৮। প্রবোধচন্দ্র সেন কে ছিলেন ?

রবীন্দ্র স্নেহধন্য, শান্তিনিকেতনবাসী, বাংলাছন্দের রূপকার ছিলেন।

৪৯। গুরুদয়াল মল্লিক কে ?

☐ শান্তিনিকেতনের ইংরাজী শিক্ষক ছিলেন।

৫০। জাহাঙ্গীর ভকিল কে ?

☐ অক্সফোর্ডের উচ্চ ডিগ্রিধারী ভকিল ছিলেন শান্তিনিকেতনের ইংরাজী শিক্ষক।

৫১। ভীমরাও শাস্ত্রী কে ?

☐ জাতিতে মারাঠি এই পণ্ডিত ছিলেন প্রাচীন ভারতীয় সংগীতের শিক্ষক। তিনি সংস্কৃতও পড়াতেন।

৫২। 'দেহলি' কি ?

☐ ছোট্ট দোতলা একটি বাড়ির নাম। এই বাড়ির উপর তলায় থাকতেন রবীন্দ্রনাথ আর নীচের তলায় থাকতেন দিনেন্দ্রনাথ।

৫৩। দ্বারিক কি ?

☐ দেহলির বিপরীত দিকে দোতলা একটি বাড়ি ছিল তার নাম।

৫৪। হেমবালা সেন কে ছিলেন ?

☐ শান্তিনিকেতনের ব্রহ্মচর্যাশ্রমের মেয়েদের অধ্যক্ষা।

৫৫। শান্তিনিকেতনে মেয়েরা প্রথম কোন নাটক করেন ?

☐ 'লক্ষ্মীর পরীক্ষা' নাটক।

৫৬। রবীন্দ্রনাথ কি এই নাটক দেখেছিলেন ?

☐ হ্যাঁ, চিকের আড়ালে বসে।

৫৭। 'ঠানদি' কে ?

☐ শ্রদ্ধেয়া কিরণবালা সেন। তিনি ক্ষিতিমোহন সেনের পত্নী।

৫৮। 'উত্তরায়ণ' কেন বিখ্যাত ?

☐ এখানে গুরুদেব দীর্ঘকাল বাস করেছেন।

৫৯। 'কোণার্কে' কে থাকতেন ?

☐ প্রতীমাদেবী। উত্তরায়ণের এক কোণে বলে এই নাম।

৬০। রথীন্দ্র-প্রতিমার বিয়ে কখন হয় ?

☐ ১৯১০ খ্রীষ্টাব্দে। প্রতীমাদেবীর বয়স তখন ষোল।

৬১। 'পূজারিনী' কবিতাটির নাট্যরূপ রবীন্দ্রনাথ কার অনুরোধে দেন ?

☐ বৌমা প্রতীমাদেবীর অনুরোধে ?

৬২। ইন্দিরাদেবী চৌধুরানী কে ?

☐ ইনি রবীন্দ্রনাথের আদরের ভ্রাতুষ্পুত্রী, প্রমথ চৌধুরীর স্ত্রী। রবীন্দ্রনাথ অনেক কবিতা ও চিঠি ইন্দিরাকে উদ্দেশ্য করে লেখেন।

৬৩। শান্তিনিকেতনে জাপানী জুজুৎসু ও জুড়ো শিক্ষক কে এসেছিলেন এবং কখন ?

☐ তকাগাকি সান্ এসেছিলেন এবং সেটা ১৯২৯-এ।

বাল্যকাল, লেখাপড়া

১। রবীন্দ্রনাথের জন্মের দিন ক্ষণ ?

☐ ১২৬৮ সালের ২৫শে বৈশাখ, রাত্রি বারোটায় জন্ম।

২। রবীন্দ্রনাথের জন্মবারটি কি ?

☐ সোমবার।

৩। পিতামাতার তিনিই কি শেষ সন্তান ?

☐ না, তিনি চতুর্দশ স্থানীয় সন্তান।

৪। পিতামাতার ছেলের মধ্যে তাঁর স্থান কোথায় ?

☐ অষ্টম স্থান। প্রবাদ অনুসারে অষ্টম স্থানীয় সন্তান ভাগ্যবান হয়।

৫। রবীন্দ্রনাথের অন্নপ্রাশন হয় কখন ?

☐ ছয়মাস বয়সে।

৬। কেমন করে অন্নপ্রাশন হয়।

☐ আলপনা আঁকা পিঁড়িতে বসিয়ে তার চারদিকে মোমের বাতি জ্বালিয়ে দেওয়া হয়। ছেলের নামকরণ হয় 'রবি'—রবীন্দ্রনাথ।

৭। ছোট বেলায় কাদের শাসনে রবি বড় হন ?

☐ বাড়ির চাকর-চাকরানীদের শাসনে।

৮। ছোটবেলায় রবির পোষাক কেমন ছিল ?

☐ অত্যন্ত সাদাসিধে, দশ বছরের না হওয়া পর্যন্ত মোজা পরেন নি।

৯। শীতের পোষাক কেমন ছিল ?

☐ একটা সাদা জামার উপর আর একটি মাত্র জামা।

১০। ছোটবেলার চাকর বাকরদের শাসনের তিনি কি নাম দেন ?

☐ ভৃত্য রাজক তন্ত্র-যেখানে ভৃত্যরাই রাজা।

১১। শ্যাম কে?

☐ শ্যাম শ্যামবর্ণের ভৃত্য। রবীন্দ্রনাথকে দেখাশোনা করতো।

১২। নূতন বাঠাকুরাণী কে?

☐ জ্যোতিরিন্দ্র-পত্নী কাদম্বরীদেবী। রবীন্দ্রনাথের ছেলে বেলার সাথী।

১৩। ছোটবেলার স্মৃতি রবীন্দ্রনাথ কোথায় লিখেছেন?

☐ অনেক প্রসঙ্গে, বিশেষতঃ "জীবনস্মৃতি" গ্রন্থে।

১৪। চীনে বটগাছটা কোথায় ছিল।

☐ জোড়াসাঁকোর বাড়ির দক্ষিণ দিকের জানালার নীচে যে পুকুর ছিল তার ধারে।

১৫। 'শিশু' গ্রন্থে এই বটগাছটি নিয়ে কি লেখা আছে?

☐ "নিশি দিন দাঁড়িয়ে আছ মাথায় লয়ে জট
ছোট্ট ছেলেটি মনে কি পড়ে ওগো প্রাচীন বট।"

১৬। এই পুকুরে জল কমে গেলে কি হত?

☐ একটা নালা দিয়ে গঙ্গা থেকে জল আসতো।

১৭। রবীন্দ্রনাথের সাথী তার ভাগিনেয়টির নাম কি?

☐ সত্য প্রসাদ।

১৮। পুজো পুজো খেলতে বালক কবি বলির মন্ত্র রচনা করেছিলেন। কি সেই মন্ত্র?

☐ "সিঙ্গি মামা কাটুম
আন্দিবোসের বাটুম।
উলুকুট টুলুকুট—ঢ্যামকুড় কুড়
আখরোট বাক্‌রোট খট্ খট্ খটাস্
পট্ পট্ পসাট্।"

১৯। কত বৎসর বয়সে রবীন্দ্রনাথের বিদ্যারম্ভ হয়?

☐ পাঁচ বৎসর বয়সে।

২০। শিক্ষক কে ছিলেন?

☐ মাধব চন্দ্র মুখোপাধ্যায়। তিনি বাকুড়ার লোক।

২১। রবীন্দ্রনাথের সঙ্গে আর কে পড়তেন ?

☐ দাদা সোমেন্দ্রনাথ ও ভাগিনেয় সত্যপ্রসাদ।

২২। সত্যপ্রসাদ তার মামা রবীন্দ্রনাথকে কি বলে ভয় দেখিয়েছিল ?

☐ 'পুলিশম্যান…পুলিশম্যান'-এই কথা বলে।

২৩। 'রাজার বাড়ি' সম্পর্কে গল্প রবীন্দ্রনাথকে কে বলে ছিল।

☐ ভাগ্নী ইরাবতী এই কল্প-গল্পটি বলেছিল।

২৪। 'এই দুটি কথাই আমার জীবনে আদি কবির প্রথম কবিতা'—কার জীবনে ? কবিতাটি কার লেখা ?

☐ রবীন্দ্রনাথের জীবনে। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের লেখা।

২৫। কবিতাটির পাঠ কি ?

☐ 'জল পড়ে পাতা নড়ে'।

[বর্ণ পরিচয়ে এই পাঠ এখন নেই]

২৬। কোন স্কুলে রবীন্দ্রনাথ প্রথম ভর্তি হন ?

☐ ওরিয়েণ্টাল সেমিনারীতে।

২৭। পরে কোথায় ভর্তি হন ?

☐ নর্মাল স্কুলে।

২৮। এই সময়ে রবীন্দ্রনাথের বয়স কত ?

☐ সাত কি আট বছর।

২৯। হরনাথ পণ্ডিতের ক্লাশে রবি কথা বলতো না কেন ?

☐ হরনাথ বাবু একজন ছাত্রকে খারাপ গালি দিয়েছিলেন বলে।

৩০। ঈশ্বর কি পড়তো ?

☐ ঈশ্বর নামক ভৃত্যটি পড়তো রামায়ণ-মহাভারত।

৩১। 'বীর পুরুষ' কবিতার গল্পটি রবি কার কাছে শোনে ?

☐ শ্যাম নামক ভৃত্যের কাছ থেকে ডাকাতের গল্প শুনে পরবর্তী সময়ে 'বীরপুরুষ' লেখা হয়।

৩২। ডেঙ্গুজ্বরের ভয়ে রবীন্দ্রনাথ কোথায় গিয়েছিলেন ?

☐ পেনেটি [পানিহাটি] গ্রামের ছাতুবাবুদের বাগানবাড়িতে।

৩৩। ছাতুবাবু কে ?

☐ আশুতোষ দেব।

৩৪। কে রবীন্দ্রনাথের পড়াশুনা দেখতেন ?

☐ দাদা হেমেন্দ্রনাথ।

৩৫। রবীন্দ্রনাথের পাঠ্যসূচীতে কি কি ছিল ?

☐ পড়াশুনা ছাড়াও ব্যায়াম, খেলাধূলা, কাব্যপাঠ, গান ইত্যাদি।

৩৬। কুস্তি কে শেখাতেন ?

☐ হীরা সিং নামে এক শিখ পালোয়ান।

৩৭। গান কবে শিখতে হতো ?

☐ প্রতি রবিবার।

৩৮। ইংরাজী কে পড়াতেন ?

☐ মেডিকাল কলেজের ছাত্র অঘোর চন্দ্র দত্ত।

৩৯। বারবার কোন বই রবীন্দ্রনাথ পড়তেন ?

☐ রবিন্স্যান ক্রুশো।

৪০। কবিতা লিখতে রবিকে কে উৎসাহিত করে ?

☐ জ্যোতিপ্রসাদ, রবীন্দ্রনাথের ভাগ্নে।

৪১। কবিতা লেখার জন্য কার কাছ থেকে রবি খাতা সংগ্রহ করে ?

☐ মহানন্দ মুন্সীর কাছ থেকে।

৪২। কবিতা লেখায় কোন্ শিক্ষকের উৎসাহ বেশী ছিল ?

☐ সাতকড়ি দত্ত।

৪৩। 'সুনীতি' সম্বন্ধে কে রবিকে কবিতা লিখতে বলেন ?

☐ অধ্যক্ষ গোবিন্দবাবু।

৪৪। স্কুলের বড় ছেলেরা এই কবিতা লেখা ব্যাপারটিকে কেমন মনে নিত ?

☐ তারা ভাবতো এসব চুরি করা বিদ্যা !

৪৫। "আমস্বত্ত্ব দুধে ফেলি তাহাতে কদলী দলি সন্দেশ মিলায়ে দিয়া তাতে"—কার রচনা ?

☐ রবীন্দ্রনাথের বাল্যবয়সের রচনা।

৪৬। মহানন্দ মুন্সী সম্পর্কে বালক কবি কোন্ ছড়া লেখেন ?

☐ "মহানন্দ নামে এ কাছারী ধামে
আছেন এক কর্মচারী।
ধরিয়া লেখনী লেখে পত্রখানি
সদা ঘাড় হেঁট করি॥"

৪৭। বালক রবীন্দ্রনাথ কোন্ কোন্ পত্রিকা পড়তেন ?

☐ বিবিধার্থ সংগ্রহ, অবোধবন্ধু, বঙ্গদর্শন।

৪৮। বৈষ্ণব পদাবলী পড়তেন কি ?

☐ বৈষ্ণব পদাবলী রবীন্দ্রনাথের খুবই প্রিয় ছিল।

৪৯। ইংরাজী শিক্ষার জন্য রবিকে কোথায় ভর্তি করা হয় ?

☐ বেঙ্গল একাডেমিতে।

৫০। রবীন্দ্রনাথের পৈতে কখন হয় ?

☐ এগার বছর নয় মাস বয়সে।

৫১। পৈতে কোন মতে হয় ?

☐ বৈদিক মতে।

৫২। দেবেন্দ্র নাথ রবিকে নিয়ে বেড়াতে যান কোথায় এবং কেন ?

☐ হিমালয়ে নিয়ে যান। পৈতে হবার পর নেড়া মাথায় স্কুলে যাওয়া চলেনা তাই ভ্রমণ।

৫৩। বাইরে যাবার নতুন পোষাক কেমন ছিল ?

☐ জরি বসানো আচ্কান্, মখ্মলের পায়জামা, জরির টুপি।

৫৪। শান্তিনিকেতনের মালী হরিয়া তাকে কি দেয় ?

☐ খরগোশ ধরে দেয়।

৫৫। পিতার সঙ্গে শান্তিনিকেতনে কতদিন ছিলেন রবি ?

☐ প্রায় একমাস।

৫৬। এলাহাবাদ স্টেশনে টিকিট পরীক্ষক দেবেন্দ্রনাথকে কি বলেন ?

☐ রবীন্দ্রনাথের হাফ্ টিকিট চলবেনা, পুরোভাড়া চাই।

৫৭। তখন রবীন্দ্রনাথের বয়স কত ?

☐ বার বছর পূর্ণ হয় নি।

৫৮। কোন্ পাহাড়ে তিনি উঠেছিলেন ?

☐ ডালহৌসীর বক্রোটা পাহাড়ে উঠেছিলেন।

৫৯। অমৃতসরে কত দিন ছিলেন এই সময় ?

☐ প্রায় একমাস। গ্রন্থসাহেব পাঠ শুনতেন তন্ময় হয়ে।

৬০। এই পাহাড়েও কি কি বই পড়তে হত রবিকে ?

☐ ব্যাকরণ কৌমুদী, পিটার পার্লি রচিত গ্রন্থ, বেঞ্জামিন ফ্রাংকলিনের জীবন চরিত।

৬১। পাহাড় থেকে কার সঙ্গে রবি কোলকাতায় ফিরলেন ?

☐ কিশোরী চাটুজ্যের সঙ্গে।

৬২। ছোট বেলায় রবিকে কে খুব ছড়া শেখাতেন ?

☐ কিশোরী চাটুজ্যে।

৬৩। কিশোরী চাটুজ্যে সম্পর্কে রবীন্দ্রনাথ কি ছড়া বলতেন ?

☐ "কিশোরী চাটুজ্যে হঠাৎ জুটতো সন্ধ্যা হলে।
বাহাতে তাঁর থেলো হুঁকো চাদর কাঁধে ঝোলে॥
দ্রুতলয়ে আউড়ে যেত লব কুশের ছড়া।
থাক্‌তো আমার খাতালেখা থাকতো আমার পড়া॥"

জমিদারী, আশমানদারী

১। জমিদারী দেখাশুনার দায়িত্ব কখন থেকে পান রবীন্দ্রনাথ?

☐ ১৮৯০ খ্রীষ্টাব্দ থেকে।

২। কবির জমিদারী কোথায় অবস্থিত ছিল?

☐ নদীয়ার বিরহামপুর পরগণায়, পাবনার ইসব্‌শাহী পরগণায় ও রাজসাহী জেলার কালীগ্রামে।

৩। কবির কাছারি বাড়ি কোথায় কোথায় ছিল?

☐ শিলাইদহ, সাজাদপুর ও পতিসরে।

৪। এর আগে জমিদারী দেখতেন কে?

☐ রবীন্দ্রনাথের এক ভগ্নীপতি সারদা প্রসাদ গঙ্গোপাধ্যায়।

৫। তিনি (সারদা প্রসাদ) কবে মারা যান?

☐ রবীন্দ্রনাথের বিয়ের দিন—২৪ অগ্রহায়ণ, ১২৯০ সালে।

৬। রবীন্দ্রনাথ প্রকৃত জমিদার হন কখন?

☐ ১৮৯৬ খ্রীষ্টাব্দে। দেবেন্দ্রনাথ পাওয়ার অব অ্যাটর্নি করে সমস্ত সম্পত্তির ভার তার হাতে তুলে দেন।

৭। বাংলার বাইরে ঠাকুর পরিবারের জমিদারী কোথায় ছিল?

☐ উড়িষ্যায়।

৮। মানুষের সুখ-দুঃখের সঙ্গে কবির পরিচয় কোথায় ঘটে?

☐ জমিদারীর কাজে পল্লী বাংলায় এসে।

৯। শিলাইদহে কবি বেশীর ভাগ সময় কোথায় থাকতেন?

☐ পদ্মার উপর বোটে।

১০। স্ত্রী পুত্র সহ শিলাইদহে কখন থেকে কবি বসবাস শুরু করেন?

☐ ১৮৯৯ খ্রীষ্টাব্দ থেকে।

১১। 'স্বদেশী সমাজ' প্রবন্ধটি কখন লেখা, এতে কী আছে?

☐ ১৯০৪ খ্রীষ্টাব্দে লেখা, এতে পল্লীউন্নয়নের রূপরেখা আছে।

১২। সাজাদপুরের জমিদারী কবি কতদিন দেখাশুনা করেন?

☐ ১৮৯০ থেকে ১৮৯৬ খ্রীষ্টাব্দ পর্য্যন্ত।

১৩। প্রথম কবে কবি সাজাদপুরে আসেন ?

☐ ১৮৯০ খ্রীষ্টাব্দে জানুয়ারী মাসে।

১৪। সাজাদপুরে শেষবারের মতো কবে আসেন ?

☐ ১৮৯৭ খ্রীষ্টাব্দে ২১শে ফেব্রুয়ারী। এরপর জমিদারী ভাগ হয়ে যায়।

১৫। সাজাদপুর ত্যাগের স্মৃতি কোন গানটিতে ধৃত হয়েছে ?

☐ "ভালবেসে সখী নিভৃত যতনে
আমার নামটি লিখিয়ো তোমার
মনের মন্দিরে।"

১৬। বিসর্জন নাটকটি কোথায় লেখা ?

☐ সাজাদপুরে বসে লেখা।

১৭। "সাধনার জন্য একটি গল্প লিখছি, একটু আষাঢ়ে গোছের গল্প" ...গল্পটির নাম কি ?

☐ ক্ষুধিত পাষান।

১৮। পাবনায় বঙ্গীয় প্রাদেশিক সম্মিলনীর অধিবেশনে কত সালে রবীন্দ্রনাথ ভাষণ দেন ?

☐ ১৩১৪ সালে।

১৯। এই ভাষণে তিনি কি বলেন ?

☐ এই ভাষণে পল্লীসমাজের কাঠামো কেমন হবে তা বলা হয়েছে।

২০। কৃষি-ব্যাঙ্ক কখন গড়ে তোলেন কবি ?

☐ ১৯০৫ খ্রীষ্টাব্দে।

২১। কত হারে সুদ নেওয়া হত ?

☐ শতকরা ১২ টাকা হারে সুদ নেওয়া হত।

২২। ব্যাঙ্কটি কোথায় ছিল।

☐ পতিসরে।

২৩। নোবেল প্রাইজের টাকা কতটা ? কোথায় টাকা রাখা হয় ?

☐ টাকার পরিমান একলক্ষ আট হাজার ; টাকা রাখা হয় পতিসর ব্যাঙ্কে শান্তিনিকেতন বিদ্যালয়ের নামে।

২৪। ১৯১৬ পর্য্যন্ত কতটাকা লগ্নী করে ব্যাঙ্ক ?

☐ প্রায় ৯০ হাজার টাকা।

২৫। ব্যাঙ্ক বন্ধ হয় কেন ?

☐ Rural Indebtedness আইন পাশ হওয়ার ফলে।

২৬। শিলাইদহে তাঁত শিক্ষার কারখানা-স্কুল কখন হয় ?

☐ ১৯০১ খ্রীষ্টাব্দে।

২৭। সুরুলের কুঠিবাড়ী রবীন্দ্রনাথ কখন কেনেন ?

☐ ১৯১২ খ্রীষ্টাব্দে।

২৮। কৃষি বিজ্ঞান শিখতে কাকে কাকে আমেরিকায় পাঠান রবীন্দ্রনাথ ?

☐ রথীন্দ্রনাথকে, নগেন্দ্র বন্দ্যোপাধ্যায়কে ও সন্তোষচন্দ্র মজুমদার কে।

২৯। এরা কখন দেশে ফিরে আসেন ?

☐ ১৯১০ খ্রীষ্টাব্দে।

৩০। লিওনার্ডকে এলমহার্স্ট কে ?

☐ আত্মত্যাগী বৃটিশ তরুণ, রবীন্দ্রনাথের পল্লীউন্নয়ন সংগঠনের প্রথম পরিচালক।

৩১। জমির স্বত্ত্ব সম্পর্কে রবীন্দ্রনাথের মত কি ?

☐ "জমির স্বত্ত্ব ন্যায়ত জমিদারের নয়, সে চাষীর।"

৩২। গোপাল সাহা কে ?

☐ সাজাদপুরের এক মহাজন।

৩৩। 'গোপাল সাহার মেয়ে' কে মনে রেখে কবি কোন চরিত্রটি সৃষ্টি করেন ?

☐ 'সমাপ্তি' গল্পের মৃন্ময়ী চরিত্রটি।

৩৪। 'পল্লী প্রকৃতি' গ্রন্থটির বিষয়বস্তু কি ?

☐ এটি পল্লীর সমস্যা ও পল্লীর সংস্কার সম্বন্ধে রবীন্দ্রনাথের বক্তৃতা ও প্রবন্ধাবলীর সংকলন।

৩৫। 'সুরুল' ফার্ম কি ?

☐ সুরুল কুঠি বাড়িতে স্থাপিত ফার্ম। এইটি পরে শ্রীনিকেতন নামে পরিচিত হয়।

৩৬। শ্রীনিকেতন খামারে কি কি চাষ হত ?

☐ আলু, আখ, বীট, টমেটো, কাপাস, সয়াবীন, পেপে, পেয়ারা, লবঙ্গ, এলাচ, দারচিনি, কপূর, খয়ের প্রভৃতি।

৩৭। শ্রীনিকেতনে কোন্ কোন্ জাতের গরু ও ছাগল ছিল ?

☐ দেশী, সিন্ধী ও মুলতানী গরু ও যমুনাপুরী ছাগল ছিল।

৩৮। শ্রীনিকেতনের ছাত্ররা কোথায় মাছের চাষ করতো ?

☐ 'সুখসায়র' নামক বৃহৎ পুকুরে।

৩৯। 'কবির নীড়' কাকে বলে ?

☐ শ্রীনিকেতনে জাপানী শিল্পী নির্মিত অশ্বত্থ গাছের উপরে তৈরী কাঠের বাড়ীতে কবি কয়েক দিন ছিলেন। তাই ঐ বাড়ীটিকে 'কবির নীড়' বলা হত।

৪০। রবীন্দ্রনাথ কতৃক স্থাপিত কয়েকটি মেলার নাম কর।

☐ কাত্যায়নী মেলা, রাজরাজেশ্বরী মেলা, কৃষিমেলা শিল্পোৎসব।

৪১ 'সীতা যজ্ঞ' কি ?

☐ শ্রীনিকেতনের কৃষি উৎসব—'হলকর্ষণ' বা 'সীতাযজ্ঞ'।

৪২। 'শিল্পভবন' কখন খোলা হয়। এবং কোথায় ?

☐ খোলা হয় ১৯২২ খ্রীষ্টাব্দে, শ্রীনিকেতনে। এটি কারু শিল্পের শাখা।

৪৩। বাটিকের কাজ শ্রীনিকেতনে কে প্রবর্তন করেন ?

☐ কবি পুত্র বধূ প্রতীমা দেবী।

৪৪। চামড়া পাকা করার কাজে বীরভূম জেলার কোন প্রতিষ্ঠান অগ্রণী ছিল ?

☐ শ্রীনিকেতনের শিল্প ভবন।

৪৫। প্রতিমা দেবী শ্রীনিকেতনকে এক সেট পটারির যন্ত্রপাতি দান করেন কোন্ খ্রীষ্টাব্দে ?

☐ ১৯৩৬ খ্রীষ্টাব্দে।

৪৬। 'সমাজ উন্নয়ন প্রকল্প' ও 'গ্রাম সেবক' এইসব পরিকল্পনার জন্য স্বাধীন ভারত কার কাছে ঋণী ?

☐ রবীন্দ্রনাথের কাছে, শ্রীনিকেতনের কাছে।

৪৭। 'বিশ্বভারতী সেন্ট্রাল কোপারেটিভ ব্যাংক' কখন প্রতিষ্ঠিত হয় ?

☐ ১৯২৭ খ্রীষ্টাব্দে ২৭শে নভেম্বর।

৪৮। শ্রীনিকেতনে 'ধর্ম গোলা' কখন প্রতিষ্ঠিত হয় ?

☐ ১৯২৮ খ্রীষ্টাব্দে।

৪৯। রবীন্দ্রনাথে স্বদেশী চিন্তার বাহন ছিল কোন পত্রিকাটি ?

☐ পত্রিকাটির নাম 'ভান্ডার'।

৫০। সেবা প্রকল্পের জন্য কি কি দল গঠন করা হয়েছিল ?

☐ ব্রতীবালক দল ও ব্রতীবালিকা দল।

৫১। "বোলপুর-বাঁধগোড়া সমবায় স্বাস্থ্য সমিতি" কখন স্থাপিত হয়?

☐ ১৯৩২ খ্রীষ্টাব্দে।

৫২। কালীমোহন ঘোষ কোন্ কোন্ গ্রাম সম্পর্কে তথ্য পুস্তিকা প্রকাশ করেন ?

☐ 'বল্লভ পুর' ও 'রায় পুর' গ্রাম সম্পর্কে।

আমি চঞ্চল হে

১। পিতা দেবেন্দ্রনাথের সঙ্গে হিমালয়ে ভ্রমণে কবি যখন যান তখন তাঁর বয়স কত ?

☐ প্রায় বার বছর।

২। হিমালয় ভ্রমণের গুরুত্ব কোথায় ?

☐ এটি রবীন্দ্রনাথের কলিকাতার বাইরে প্রথম যাত্রা।

৩। হিমালয় যাত্রায় এলাহাবাদ স্টেশনে কি হয়েছিল ?

☐ টিকিট চেকার রবীন্দ্রনাথের জন্য 'ফুল টিকিট' চায়, অথচ রবীন্দ্রনাথ তখন বার বছর পূর্ণ করেন নি।

৪। প্রথমবার রবীন্দ্রনাথ বিলেতে যান কবে ও কেন ?

☐ ১৮৮০ খ্রীষ্টাব্দে, পড়াশুনোর জন্য।

৫। ১৮৮১ খ্রীষ্টাব্দে কি কবি আবার বিলেত যান ?

☐ না, বিলেত যাত্রার পথে মাদ্রাজ থেকে ফিরে আসেন।

৬। ১৮৯০ খ্রীষ্টাব্দে বিলেত যাত্রায় কবির সঙ্গী কে কে ?

☐ মেজদা সত্যেন্দ্রনাথ ও লোকেন্দ্রনাথ পালিত।

৭। দ্বিতীয়বার বিলেতে এসে কবি কতদিন ছিলেন ?

☐ মাত্র একমাস ছিলেন।

৮। তৃতীয় বার বিলেত ভ্রমণে কবির সঙ্গে আর কে কে ছিলেন ?

☐ পুত্র রথীন্দ্রনাথ ও পুত্রবধূ প্রতিমা দেবী।

৯। এটা কত খ্রীষ্টাব্দের কথা ?

☐ ১৯১২ খ্রীষ্টাব্দের কথা।

১০। রোটেন স্টাইন কে ?

☐ বিখ্যাত ইংরেজ শিল্পী। ইনিই রবীন্দ্রনাথের গীতাঞ্জলির ইংরাজী অনুবাদ ইংল্যান্ডের বড় বড় সাহিত্যিকদের কাছে পাঠান।

১১। ইংরাজী গীতাঞ্জলি কে বের করে ?

☐ লণ্ডনের ইণ্ডিয়ান সোসাইটি।

১২। নোবেল পুরস্কার কখন পান কবি ?

☐ ১৯১৩ খ্রীষ্টাব্দে।

১৩। ইংরাজ সরকার 'নাইট' উপাধি কবিকে কখন দেন ?

☐ ১৯১৫ খ্রীষ্টাব্দে।

১৪। রবীন্দ্রনাথ 'নাইট' উপাধি ত্যাগ করেন কখন, কেন ?

☐ ১৯২০ খ্রীষ্টাব্দে জালিয়ানওয়ালা বাগের নৃশংস হত্যাকাণ্ডের প্রতিবাদে।

১৫। জাপানে রবীন্দ্রনাথ কখন যান ?

☐ ১৯১৬ খ্রীষ্টাব্দে।

১৬। এই জাপান যাত্রায় কবির সঙ্গী কে কে ?

☐ মিস্টার পিয়ার্সণ, মুকুল দে, রেভারেণ্ড এনড্রুজ।

১৭। জাপন থেকে কবি কোথায় যান ও কখন দেশে ফেরেন ?

☐ এই বছর-ই [১৯১৬] সেপ্টেম্বরে যান আমেরিকায়, দেশে ফেরেন জাপান হয়ে ১৯১৬তে।

১৮। ডেনমার্ক ও সুইডেনে কবি কখন গিয়েছিলেন ?

☐ ১৯২১-এর মার্চ মাসে।

১৯। চতুর্থ বারে কবি কখন বিলেতে যান ?

☐ ১৯১৯ খ্রীষ্টাব্দে।

২০। বার্নাড শ'র সঙ্গে কবির কোথায় দেখা হয় ?

☐ ইংল্যাণ্ডে, ১৯১২ খ্রীষ্টাব্দে।

২১। 'আমি চাই তুমি রবীন্দ্রনাথ ঠাকুরকে দেখো'—কার কথা ?

☐ রোটেন স্টাইন, বানার্ড শ'কে লিখেছিলেন ১৯১২ খ্রীষ্টাব্দে।

২২। 'অমন সুন্দর, সিল্ক-মসৃণ দাড়িও মানুষের হয়'—কে কার সম্পর্কে বলেছেন ?

☐ বার্ণাড শা বলেছেন, রবীন্দ্রনাথ সম্পর্কে।

২৩। রবীন্দ্রনাথের আঁকা বার্নাড শ'র কার্টুন কোথায় আছে ?

☐ এ খবর এখনও অজ্ঞাত।

২৪। 'কবির কাজের উদ্দেশ্য কি ?'—আমেরিকার সাংবাদিকদের প্রশ্ন।

☐ "তারা পাখীর মতই উদ্দেশ্যহীন, তাদের গাইতেই আনন্দ"
—রবীন্দ্রনাথের উত্তর।

২৫। 'ন্যাশনালিজম্' সম্পর্কে রবীন্দ্রনাথ কোথায় বক্তব্য রাখেন।

☐ আমেরিকায়, Woolsey Hall-এ।

২৬। ডেনমার্কে কবি কেমন সম্মান পেয়েছিলেন ?

☐ সেখানকার ছাত্র ও নগরবাসীগণ কবিকে শোভাযাত্রা করে, থাকবার জায়গায় পেঁছে দেন।

২৭। সুইডেনে কবি কেমন সম্মান লাভ করেন ?

প্রধান বিশপকে নেতা করে কবিকে নিয়ে শোভাযাত্রা বের করা হয়।

২৮। কাউট কাইসারলিং কে ?

☐ জার্মানির প্রসিদ্ধ দার্শনিক ও রবীন্দ্র সুহৃদ।

২৯। বার্লিন বিশ্ববিদ্যালয়ে রবীন্দ্রনাথ কোন বিষয়ে বলেছেন ?

☐ 'পূর্ব ও পশ্চিমের মিলন'—এই বিষয়ে।

৩০। ১৯২৭ খ্রীষ্টাব্দে কবির রাশিয়ায় যাওয়া হয় নি কেন ?

☐ কবি অসুস্থ হয়ে পড়েন। তাই ডাক্তারের নিষেধ ছিল।

৩১। এই সময়ে কবিকে কে চিকিৎসা করতেন ?

☐ ভিয়েনার প্রসিদ্ধ ডাক্তার Dr. Wenkebech.

৩২। কবি কখন ফ্রান্স যান ?

☐ ১৯২১ খ্রীষ্টাব্দে।

৩৩। ফ্রান্সে কবির সঙ্গে কোন্ কোন্ মনীষীর সাক্ষাৎ হয় ?

☐ দার্শনিক বার্গসঁ ও রোমাঁ রোলাঁর সঙ্গে দেখা হয়।

৩৪। কবি চীন ভ্রমণে কখন যান ? তার সঙ্গী কে কে ছিলেন ?

☐ ১৯২৪ খ্রীষ্টাব্দে যান। সঙ্গী ছিলেন ক্ষিতিমোহন সেন, নন্দলাল বসু, ডাঃ কালিদাস নাগ।

৩৫। রেঙ্গুন, মালয়, বালী, যবদ্বীপ ভ্রমণে কবি কখন যান।

☐ ১৯২৪-এ চীন যাত্রা পথে।

৩৬। পিকিং বিশ্ববিদ্যালয়ে রবীন্দ্রনাথ কোন প্রবন্ধ পড়েন ?

☐ "এশিয়ার প্রাচীন সভ্যতা ও চীন-ভারতের সম্বন্ধ।"

৩৭। চীন দেশের মানুষ কবিকে কোন নামে ডাকতো ?

☐ 'চু-ত্তেন-তাং' অর্থাৎ গৌরব সূর্য।

৩৮। জাপানের লোকেরা কবিকে কোন নামে ডাকতো ?

☐ "ধর্মগুরু"।

৩৯। ল্যাটিন আমেরিকায় রবীন্দ্রনাথ কখন যান ?

☐ ১৯২৪ খ্রীষ্টাব্দে।

৪০। কবি ইটালিতে কখন যান ?

☐ ইটালিতে যান ১৯২৫-এ।

৪১। কবি সুইজারল্যান্ড যান কখন ?

☐ ইটালি হয়ে ১৯২৫ খ্রীষ্টাব্দের শেষ ভাগে।

৪২। বৃহত্তর ভারতীয় দ্বীপপুঞ্জে কখন কবি যান ? এবারে তাঁর সঙ্গী কে কে ছিলেন ?

☐ যান ১৯২৭ খ্রীষ্টাব্দে। সঙ্গী ছিলেন সুনীতি কুমার চট্টোপাধ্যায়, সুরেন্দ্রনাথ কর, ধীরেন্দ্র চন্দ্র দেববর্মণ।

৪৩। কানাড়া থেকে কবিকে কারা কখন আমন্ত্রণ জানায় ?

☐ ১৯২৯ খ্রীষ্টাব্দে কানাড়া ন্যাশন্যাল কাউন্সিল অব্ এডুকেশন এই নিমন্ত্রণ পাঠায়।

৪৪। লস্ এঞ্জেল্সে এই সময়ে কবির কোন জিনিষটি হারিয়ে যায় ?

☐ পাশপোর্ট হারিয়ে যায়।

৪৫। এই ঘটনায় কোন্ দেশের হাত ছিল বলে মনে করা হয় ?

☐ আমেরিকার হাত ছিল বলে অনেকে মনে করেন।

৪৬। কবি চেকোশ্লোভাকিয়াতে কখন যান ?

☐ ১৯৩০ খ্রীষ্টাব্দে যান।

৪৭। ১৯২৬ খ্রীষ্টাব্দে রাশিয়া যাওয়ার সমস্ত ব্যবস্হা বাতিল হয় কেন ?

☐ কবির অসুস্হতার জন্য।

৪৮। অনেকে রবীন্দ্রনাথকে রাশিয়া ভ্রমণ থেকে বিরত থাকতে বলেছিলেন কেন ?

☐ রাজনৈতিক উদ্দেশ্য ছিল এর পিছনে।

৪৯। রাশিয়ায় রবীন্দ্রনাথ কখন যান ?

☐ ১৯৩০ খ্রীষ্টাব্দে।

৫০। মস্কোতে রবীন্দ্রনাথের ভ্রমণ সঙ্গী কে কে ছিলেন ?

☐ হ্যারি টিম্বার্স, মারগট আইনস্টাইন, সৌমেন্দ্রনাথ ঠাকুর, আরিয়াম উইলিয়ামস ও অমিয় চক্রবর্তী।

৫১। রাশিয়ায় কত দিন ছিলেন কবি ?

☐ ১৯৩০ এর ১১ সেপ্টেম্বর থেকে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত।

৫২। ...রাশিয়ায় এসেছি-না এলে এ জন্মের তীর্থ দর্শন অত্যন্ত অসমাপ্ত থাকত।" — কাকে লিখেছেন কবি ?

☐ রাশিয়ার চিঠি ৩নং-রথীনঠাকুর কে লেখা।

৫৩। গীতাঞ্জলির রুশ ভাষায় কখন অনূদিত হয় ?

☐ ১৯১৪ খ্রীষ্টাব্দে।

৫৪। গীতাঞ্জলির চতুর্থ সংস্করণ রুশ ভাষায় প্রকাশিত হয় কখন ?

☐ ১৯১৮ খ্রীষ্টাব্দে।

৫৫। আটখণ্ডে রুশ ভাষায় রবীন্দ্ররচনাবলী প্রথম কখন প্রকাশিত হয় ?

☐ ১৯৫৫—১৯৫৭-এর মধ্যে।

৫৬। ১২ খণ্ডে রুশ ভাষায় রবীন্দ্ররচনাবলী কখন প্রকাশিত হয় ?

☐ ১৯৬১—১৯৬৫ খ্রীষ্টাব্দের মধ্যে।

৫৭। মস্কোতে রবীন্দ্রনাথ কোথায় উঠেন ?

☐ মস্কোর গ্রান্ড হোটেলে।

৫৮। 'ভক্‌স' কি ?

☐ রাশিয়ার শিল্পী-সাহিত্যিকদের সংস্থা।

৫৯। ছাত্র ও অধ্যাপকদের সঙ্গে কখন কবি মিলিত হন ?

☐ ১৩ই সেপ্টেম্বর দিনের বেলায়।

৬০। পাইওনিয়র কমিউনের পাইওনিয়রদের সঙ্গে কবি কখন দেখা করেন ?

☐ ১৪ই সেপ্টেম্বর ১৯৩০।

৬১। যৌথখামারীদের সঙ্গে কখন কবির কথা হয় ?

১৬ই সেপ্টেম্বর ১৯৩০।

৬২। রবীন্দ্রনাথের কবিতা প্রথম কে রুশ ভাষায় অনুবাদ করেন ?

☐ টলস্টয়ের পুত্র ইলিয় টলস্টয়।

৬৩। 'রাশিয়ার চিঠি' কখন প্রকাশিত হয় ?

☐ ১৯৩১ খ্রীষ্টাব্দে।

৬৪। রাশিয়ার চিঠি কি নিষিদ্ধ হয়েছিল ?

☐ এই বইয়ের ইংরেজী সংস্করণ পরাধীন ভারতে ছিল নিষিদ্ধ।

৬৫। কবি কখন পারস্য যাত্রা করেন।

☐ ১৯৩২ খ্রীষ্টাব্দে।

৬৬। রবীন্দ্রনাথের শেষ বিদেশ যাত্রা কোনটি ?

☐ শেষ বিদেশ যাত্রা পারস্য ভ্রমণ।

৬৭। বিদেশে রবীন্দ্রচিত্র প্রদর্শনী প্রথম কবে কোথায় হয় ?

☐ ১৯২১ খ্রীষ্টাব্দে মিউনিকে।

৬৮। কত বছর বয়সে কবি ছবি আঁকা শুরু করেন ?

☐ প্রায় ষাট বৎসর বয়সে।

৬৯। কত ছবি রবীন্দ্রনাথ আঁকেন ?

☐ প্রায় দুই হাজার বা তারও কিছু বেশী।

৭০। প্যারিসে কখন রবীন্দ্রচিত্র প্রদর্শনী হয় ?

☐ ১৯৩০ খ্রীষ্টাব্দে।

৭১। বুদাপেস্ট শহরে কোন হোটেলে রবীন্দ্রনাথ ছিলেন ?

☐ দানিউব নদীর তীরে হোটেল গালার্ড-এ।

৭২। কত নং ঘরে কোন সময়ে তিনি এখানে ছিলেন ?

☐ তিনি ছিলেন ১২৩ নং ঘরে, ১৯২৬ খ্রীষ্টাব্দে।

৭৩। রাশিয়ায় রবীন্দ্রনাথের কোন গ্রন্থটি বেশী জনপ্রিয় ?

☐ "গোরা" উপন্যাসটি।

কাব্য কাননে রবীন্দ্রনাথ

১। রবীন্দ্রনাথের প্রথম কবিতা কোনটি ?

☐ "সিঙ্গি মামা কাটুম
আন্দি বোসের বাটুম্,
উলকুট ঢুলকুট ঢ্যামকুড়্কুড়্
আখরোট বাখরোট খট্ খট্ খটাস্-
পট্ পট্ পসাট্ ।"

২। স্কুলে সাতকড়ি দত্ত মহাশয়ের উৎসাহে কবি কোন কবিতা লেখেন ?

☐ "মীনগন হীন হয়ে ছিল সরোবরে
এখন তাহারা সুখে জলক্রীড়া করে।"

৩। কিশোর কবির কবিতা লেখার খাতাগুলো সংখ্যায় কয়টি ?

☐ তিনটি খাতার পরিচয় পাওয়া যায়। প্রথমটি 'নীল কাগজের খাতা', দ্বিতীয় খাতা লিট্স্ ডায়রি', তৃতীয় খাতাটি খালতী পুঁথি।'

৪। ম্যাক্‌বেথের অনুবাদ কোন পত্রিকায় প্রকাশিত হয় ?

☐ ভারতীতে।

৫। ভারতীর দায়িত্ব রবীন্দ্রনাথ কখন পান ?

☐ ১৩০৫ সালে।

৬। রবীন্দ্রনাথের প্রথম ছাপা কবিতা কোনটি ?

☐ 'ভারত ভূমি' কবিতাটি। এ নিয়ে বিতর্ক আছে, কেউ কেউ মনে করেন 'অভিলাষ' প্রথম প্রকাশিত কবিতা।

৭। ভারত ভূমি কবে কোথায় প্রকাশিত হয় ?

☐ ১৮৭৪ খ্রীষ্টাব্দে 'বঙ্গদর্শণ' পত্রিকার জানুয়ারী সংখ্যায়।

৮। এই সময় কবির বয়স কত ?

☐ ১২ বৎসর সাত মাস মাত্র।

৯। হিন্দু মেলার স্থাপন কখন হয় ?

☐ ১৮৬৭ খ্রীষ্টাব্দে।

১০। হিন্দুমেলায় রবীন্দ্রনাথ কোন কবিতাটি আবৃত্তি করেন ?

☐ হিন্দুমেলায় 'উপহার' কবিতাটি রবীন্দ্রনাথ আবৃত্তি করেন।

১১। রবীন্দ্রনাথের প্রথম ছোট গল্প কোনটি ?

☐ 'ভিখারিনী'।

১২। 'ভিখারিনী' গল্পটি কখন কোথায় প্রকাশিত হয় ?

☐ ভারতী পত্রিকার প্রথমবর্ষ, দ্বিতীয় সংখ্যায় প্রকাশিত হয়।

১৩। 'ভিখারিনী' গল্পটি গল্পগুচ্ছের কোথায় রয়েছে ?

☐ গল্পগুচ্ছের চতুর্থ খণ্ডে।

১৪। রবীন্দ্রনাথের প্রথম প্রকাশিত প্রবন্ধ কোনটি ?

☐ "গ্রহগণ জীবের অবাস ভূমি"।

১৫। কোন পত্রিকায় প্রথম প্রবন্ধটি প্রকাশিত হয় ?

☐ 'তত্ত্ববোধিনী' পত্রিকায়।

১৬। 'হোক্ ভারতের জয়' কবিতাটি কার লেখা ?

☐ রবীন্দ্রনাথ ঠাকুরের।

১৭। গ্রন্থের আকারে প্রকাশিত প্রথম রবীন্দ্র উপন্যাস কোনটি ?

☐ "বৌঠাকুরানীর হাট", ১৮৮৩ খ্রীষ্টাব্দে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

১৮। রবীন্দ্রনাথের কাব্যোপন্যাস কোনটি ?

☐ "বনফুল"।

১৯। "বনফুল" কখন গ্রন্থাকারে প্রকশিত হয় ?

☐ ১৮৮০ খ্রীষ্টাব্দে।

২০। "শৈশব সংগীত" কবে গ্রন্থাকারে প্রকাশিত হয় ?

☐ ১৮৮৪ খ্রীষ্টাব্দে।

২১। রবীন্দ্রনাথের প্রথম কাব্য গ্রন্থ কোনটি ?

☐ "কবি কাহিনী"।

২২। প্রকাশিত দ্বিতীয় গ্রন্থটির নাম কি ?

☐ "বনফুল"।

২৩। "বনফুল" গ্রন্থাকারে ছাপার আগে কোথায় প্রকাশিত হয় ?

☐ 'জ্ঞানাঙ্কুর' ও 'প্রতিবিম্ব' পত্রিকায়।

২৪। ভানুসিংহ ঠাকুর কে ?

☐ রবীন্দ্রনাথের ছদ্মনাম।

২৫। ভানুসিংহ ঠাকুরের পদাবলী কখন প্রকাশিত হয় ?

☐ ১৮৮৪ খ্রীষ্টাব্দে।

২৬। 'করুণা' কোন পত্রিকায় প্রকাশিত হয় ?

☐ ভারতী পত্রিকায় ১২৮৪ সালে আশ্বিন সংখ্যা থেকে ১২৮৫ সালের ভদ্র সংখ্যায়।

২৭। রবীন্দ্রজীবন কালে 'করুণা' কি গ্রন্থাকারে প্রকাশিত হয় ?

☐ না। প্রকাশিত হয়নি। গল্পগুচ্ছের ৪র্থ খন্ডের পরিশিষ্টে স্থান হয়েছে।

২৮। 'কবিকাহিনী' কখন প্রকাশিত হয় ?

☐ ১৮৭৮ খ্রীষ্টাব্দে। গ্রন্থাকারে প্রকাশিত প্রথম কাব্যগ্রন্থ।

২৯। পুস্তক আকারে প্রকাশিত রবীন্দ্রনাথের প্রথম গদ্যগ্রন্থ,কোনটি ?

☐ "য়ুরোপ প্রবাসীর পত্র"।

৩০। কবি বিলেত যাত্রা করেন কত বয়সে ?

☐ সতেরো বছর পাঁচ মাস বয়সে।

৩১। 'বালক' পত্রিকার দায়িত্ব কবি কখন নেন ?

☐ ১২৯২ সালে, কবির বয়স যখন ২৪ বৎসর।

৩২। 'ভগ্নহৃদয়' কোন শ্রেণীর কাব্য ?

☐ গীতি কাব্য।

৩৩। গ্রন্থটির প্রকাশ কাল কত ?

☐ ১৮৮১ খ্রীষ্টাব্দে।

৩৪। কাব্যটি [ভগ্নহৃদয়] কাকে উৎসর্গ করা হয় ?

☐ শ্রীমতী 'হে' [কাদম্বরী দেবী] কে।

৩৫। রুদ্রচন্ড গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয় ?

☐ 'ভাই জ্যোতি দাদাকে'।

৩৬। 'রুদ্রচন্ড' কখন প্রকাশিত হয় ?

☐ ১৮৮১ খ্রীষ্টাব্দে।

৩৭। 'বাল্মীকি প্রতিভা' গীতিনাট্যটি কখন প্রকাশিত হয় ?

☐ ১৮৮১ খ্রীষ্টাব্দে।

৩৮। এই নাটকটির প্রথম অভিনয় কোথায় হয় ?

☐ জোড়াসাঁকো ঠাকুর বাড়িতেই প্রথম অভিনয় হয় ২৬শে ফেব্রুয়ারী ১৮৮১ খ্রীষ্টাব্দে।

৩৯। রবীন্দ্রনাথ 'বাল্মীকি প্রতিভা' নাটকে কোন ভূমিকায় অভিনয় করেন ?

☐ বাল্মীকির ভূমিকায়।

৪০। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের 'স্বপ্নময়ী' নাটকে রবীন্দ্রনাথ ঠাকুরের কয়টি গান আছে ?

☐ ১৫টি গান।

৪১। "সন্ধ্যাসঙ্গীত" কাব্য কখন প্রকাশিত হয় ?

☐ ১৮৮২ খ্রীষ্টাব্দে গ্রন্থাকারে মুদ্রিত হয়।

৪২। সন্ধ্যাসঙ্গীতের প্রথম সংস্করণের কতগুলি কবিতা ছিল ?

☐ মোট ২৫টি।

৪৩। 'কাল মৃগয়া' কোন উপলক্ষে কোন সময়ে রচিত ?

☐ বিদ্বজ্জন-সমাগম সভার বার্ষিক অধিবেশনে অভিনয়ের জন্য রচিত হয়।

৪৪। 'কালমৃগয়া' কোন ধরনের নাটক ?

☐ গীতিনাট্য।

৪৫। কখন প্রথম অভিনীত হয় 'কালমৃগয়া' ?

☐ ১৮৮২ খ্রীষ্টাব্দে ২৩শে ডিসেম্বর জোড়াসাঁকোতে অভিনীত হয়।

৪৬। 'বৌঠাকুরাণীর হাট' কখন প্রকাশিত হয় ?

☐ ১৮৮৩ খ্রীষ্টাব্দে।

৪৭। উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে ?

☐ শ্রীমতী সৌদামিনী দেবীকে।

৪৮। 'প্রকৃতির প্রতিশোধ' গ্রন্থাকারে কখন প্রকাশিত হয় ?

☐ ১৮৮৪ খ্রীষ্টাব্দে এপ্রিল মাসে।

৪৯। গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে ?

☐ 'তোমাকে [কাদম্বরী দেবী] দিলাম।'

৫০। এতে কতগুলো গান রয়েছে ?

☐ এই নাট্যকাব্যে ১১টি গান রয়েছে।

৫১। 'প্রভাত সঙ্গীতে'র প্রকাশ কাল ?

☐ ১৮৮৩ খ্রীষ্টাব্দে মে মাসে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

৫২। 'প্রভাত সঙ্গীত' কাকে উৎসর্গ করা হয়েছে ?

☐ 'শ্রীমতী ইন্দিরা প্রাণাধিকাষু'।

৫৩। 'বিবিধ প্রসঙ্গ' কখন প্রকাশিত হয় ?

☐ ১৮৮৩, সেপ্টেম্বর।

৫৪। গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে ?

☐ উৎসর্গ পত্র নেই। মনে হয় কাদম্বরী দেবীকে।

৫৫। প্রবন্ধ গ্রন্থটিতে (বিবিধ প্রসঙ্গ) কতগুলো প্রবন্ধ আছে ?

☐ মোট ২৮টি প্রবন্ধ আছে।

৫৬। 'ছবি ও গান' গ্রন্থাকারে কখন প্রকাশিত হয় ?

☐ ১৮৮৪ খ্রীষ্টাব্দে ফেব্রুয়ারীতে।

৫৭। ছবি ও গান কাব্যটি কাকে উৎসর্গ করা হয় ?

☐ মনে হয় কাদম্বরী দেবীকে।

৫৮। 'নলিনী' নাটক গ্রন্থাকারে কখন প্রকাশিত হয় ?

☐ ১৮৮৪, মে মাসে।

৫৯। রবীন্দ্রনাথের প্রথম গদ্য নাটক কোনটি ?

☐ 'নলিনী'।

৬০। যৌথ নাট্য রচনার পরিকল্পনা থেকে কোন্ নাটকের জন্ম ?

☐ 'নলিনী'।

৬১। 'শৈশব সংগীত' গ্রন্থাকারে কখন প্রকাশিত হয় ?

☐ ১৮৮৪, মে মাসে।

৬২। উৎসর্গ কাকে করা হয় ?

☐ 'তোমাকেই [কাদম্বরী দেবী] দিলাম।'

৬৩। 'ভানুসিংহের পদাবলী' গ্রন্থাকারে কখন প্রকাশিত হয় ?

☐ ১৮৮৪, জুলাই মাসে।

৬৪। 'রাম মোহন রায়'প্রবন্ধটি কোথায় কবি পাঠ করেন ?

☐ সিটি কলেজে ১২৯১ সালের ৫ই মাঘ।

৬৫। পুস্তিকায় প্রবন্ধটি প্রকাশিত হয় কবে ?

☐ ১৮৮৫ খ্রীষ্টাব্দে ১৮ই মার্চ।

৬৬। 'আলোচনা' গ্রন্থটি কবে প্রকাশিত হয় ? গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয় ?

☐ ১৮৮৫ খ্রীষ্টাব্দের ১৫ এপ্রিল। 'এই গ্রন্থ পিতৃদেবের শ্রীচরণে উৎসর্গ করিলাম।

৬৭। 'রবিচ্ছায়া' গ্রন্থের বিষয়বস্তু কি ?

☐ ১২৯১ সাল পর্যন্ত প্রায় সমস্ত গানের সংকলন এটি।

৬৮। 'রবিচ্ছায়া' কখন প্রকাশিত হয় ?

☐ ১৮৮৫ খ্রীষ্টাব্দের ২ জুন।

৬৯। "রাজর্ষি" উপন্যাস গ্রন্থাকারে কখন প্রকাশিত হয় ?

☐ ১৮৮৭ ফেব্রুয়ারী ১১।

৭০। বিসর্জন নাটকের ভিত্তি কোন উপন্যাস ?

☐ রাজর্ষি উপন্যাসের প্রথম খণ্ড।

৭১। কোন পত্রিকায় "রাজর্ষি" উপন্যাসের বেশীর ভাগ প্রকাশিত হয় ?

☐ 'বালক' পত্রিকায়।

৭২। "কড়ি ও কোমল" গ্রন্থে কতগুলো কবিতা আছে ?

☐ মোট ১১৭ টি কবিতা।

৭৩। গ্রন্থটি কখন প্রকাশিত হয় এবং কাকে উৎসর্গ করা হয়েছে ?

☐ ১৮৮৬ নভেম্বর ১৭তে "শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর দাদা মহাশয় কর কমলেষু"।

৭৪। "চিঠি পত্র" কখন প্রকাশিত হয় ?

☐ ১৮৮৭, জুলাই ২।

৭৫। "আলোচনা" গ্রন্থের প্রবন্ধ সংখ্যা কয়টি ? প্রকাশ কাল কত ?

☐ মোট ছয়টি। প্রকাশকাল ১৮৮৫, এপ্রিল ১৫।

৭৬। "বনফুল" কাব্যগ্রন্থে কোন কোন কবির প্রভাব স্পষ্ট ?

☐ অক্ষয় চৌধুরী ও বিহারীলালের।

৭৭। 'কবিকাহিনী' কাব্যের লিখিত রূপ কোন পুঁথিতে ছিল ?

☐ মালতী পুঁথিতে।

৭৮। ভগ্নহৃদয়ের নারী প্রেমের মধ্যে কবির কোন্ স্মৃতি কাজ করেছে কি ?

□ বোম্বাইএ আন্না তড়্খড় এবং বিলাতে স্কট্ পরিবারের দুটি মেয়ের স্মৃতি কাজ করেছে।

৭৯। সন্ধ্যাসঙ্গীতের পূর্ব পর্যন্ত যুগকে রবীন্দ্রনাথ কি নাম দেন ?

□ 'কপি বুক-এর যুগ'।

৮০। সন্ধ্যা সংগীতের 'তারকার আত্মহত্যা' কবিতার তারকাটি কে ?

□ খুব সম্ভব কাদম্বরী দেবী।

৮১। 'সন্ধ্যা সংগীত'কে কবি কি বলেছেন ?

□ 'কচি আমের গুটি'—'আমের বোল'।

৮২। "বাল্মীকি প্রতিভা" নাটকের মূল প্রেরণা কবি কোথায় পান ?

□ বিহারীলালের 'সারদা মঙ্গল' কাব্য থেকে।

৮৩। রুদ্রচণ্ডের ভিত্তি কি ?

□ 'পৃথ্বীরাজের পরাজয়' ও মালতী পুঁথির 'প্রথম সর্গ' কবিতা।

৮৪। 'মায়ার খেলা' নাটকের ভিত্তি কোন নাটক ?

□ নলিনী নাটক।

৮৫। রবীন্দ্রনাথ কার কাছে গান শেখা শুরু করেন ?

□ বিষ্ণুপদ চক্রবর্তীর কাছে।

৮৬। রবীন্দ্রনাথের গানের গুরু আর কে কে ছিলেন ?

□ যদুভট্ট ও শ্রীকণ্ঠ সিংহ।

৮৭। কোনটি প্রথম রবীন্দ্র সংগীত ?

□ "এক সূত্রে গাঁথিলাম সহস্র জীবন"—এই গানটি। এনিয়ে অবশ্য বিতর্ক রয়েছে।

৮৮। রবীন্দ্রনাথের প্রথম প্রকাশিত গানটি কি ? কোথায় প্রকাশিত হয় ?

□ "তোমারি তরে মা"। প্রকাশিত হয় 'ভারতী' পত্রিকার তৃতীয় সংখ্যায় ১৮৭৭ খ্রীষ্টাব্দে।

৮৯। কবির কাছে সঙ্গীত শিক্ষা করে কে কে রাজনারায়ণ বসুর কন্যা লীলাবতী দেবীর বিবাহ উপলক্ষে গান গায় ?

□ নগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, সুন্দরীমোহন দাস, অন্ধচুনীলাল ও নরেন্দ্রনাথ দত্ত (স্বামী বিবেকানন্দ)।

৯০। কবির প্রথম সংগীত সংকলন গ্রন্থের নাম কি ?

☐ "রবিচ্ছায়া"।

৯১। "করুনা" উপন্যাস সম্পর্কে কবির মন্তব্যটি কি ?

☐ "বাল্যলীলার অনেক লজ্জা"।

৯২। 'মুকুট' কত সালে কোন পত্রিকায় প্রকাশিত হয় ?

☐ বালক পত্রিকায় ১২৯২ সালে প্রকাশিত হয়।

৯৩। রবীন্দ্রনাথ—বঙ্কিমচন্দ্র মসী যুদ্ধ শুরু হয় কেন ?

☐ 'হিন্দুধর্ম' বিষয়ে বঙ্কিমচন্দ্রের একটি প্রবন্ধ নিয়ে।

৯৪। "ছন্দোমালা" বইটি কবিকে কে উপহার দেন ?

☐ নর্মাল স্কুলের শিক্ষক মধুসূদন বাচস্পতি।

৯৫। ছন্দ বিষয়ক রবীন্দ্রনাথের গ্রন্থের নাম কি ?

☐ "ছন্দ"।

৯৬। পঞ্চাশটি গানের স্বরলিপি কোন গ্রন্থে আছে ?

☐ গীত পঞ্চাশিকা।

৯৭। "গীতবিতান" কার রচনা ?

☐ রবীন্দ্রনাথের গানের সংকলন ও স্বরলিপি।

৯৮। 'অতিথি' গল্প কোন্ পত্রিকায় কবে প্রকাশিত হয় ?

☐ 'সাধনা' পত্রিকায় ভাদ্র-কার্তিক সংখ্যায়, ১৩০২।

৯৯। 'অনধিকার প্রবেশ' কোন্ পত্রিকায় কবে প্রকাশিত হয় ?

☐ 'সাধনা' পত্রিকায় শ্রাবণ সংখ্যায়, ১৩০১।

১০০। 'অধ্যাপক' গল্পটি কোন্ পত্রিকায় কবে প্রকাশিত হয় ?

☐ 'ভারতী' পত্রিকায় ভাদ্র সংখ্যায়, ১৩০৫।

১০১। 'আপদ' গল্পটি কোন পত্রিকায় কোন সংখ্যায় প্রকাশিত ?

☐ 'সাধনা' পত্রিকায় ফাল্গুন সংখ্যায়, ১৩০১।

১০২। অসম্ভবের কথা' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

☐ 'সাধনা' পত্রিকার জ্যৈষ্ঠ সংখ্যায়, ১৩০০।

১০৩। 'ইচ্ছাপূরণ' গল্পটি কোন্ পত্রিকায় কখন প্রকাশিত হয় ?

☐ 'সখা ও সাথী' পত্রিকার আশ্বিন সংখ্যায়, ১৩০২।

১০৪। 'একরাত্রি' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

☐ 'সাধনা' পত্রিকার জ্যৈষ্ঠ সংখ্যায়, ১২৯৯।

১০৫। 'একটি আষাঢ়ে গল্প' কোন পত্রিকায় কখন বের হয় ?

☐ 'সাধনা'য় ১২৯৯ সালের আষাঢ় সংখ্যায়।

১০৬। 'কঙ্কাল' গল্পটি কখন কোথায় প্রকাশিত হয় ?

☐ 'সাধনা' পত্রিকার ১২৯৮ সালের ফাল্গুন সংখ্যায়।

১০৭। কাবুলিওয়ালা গল্পটি কখন কোথায় প্রকাশিত হয় ?

☐ 'সাধনা' পত্রিকার অগ্রহায়ণ সংখ্যায়; ১২৯৯।

১০৮। খোকাবাবুর প্রত্যাবর্তন' গল্পটি কখন প্রকাশিত হয় ?

☐ 'সাধনা' পত্রিকায় ১২৯৮ সালের অগ্রহায়ণ সংখ্যায়।

১০৯। 'গুপ্তধন' কখন কোথায় প্রকাশিত হয় ?

☐ 'বঙ্গ ভাষা' কার্তিক সংখ্যা, ১৩১৪।

১১০। 'ছুটি' গল্পটি কোথায় কখন প্রকাশিত হয় ?

☐ 'সাধনা' পত্রিকায় পৌষ, ১২৯৯।

১১১। 'জীবিত ও মৃত' গল্পটি কখন কোথায় প্রকাশিত হয় ?

☐ 'সাধনা' পত্রিকার শ্রাবণ সংখ্যায় ১২৯৯ সালে।

১১২। 'ঠাকুরদা' গল্পটি কখন কোথায় প্রথম ছাপা হয় ?

☐ সাধনা পত্রিকার জ্যৈষ্ঠ সংখ্যায় ১৩০২ সালে।

১১৩। 'ডিটেকটিভ' গল্পটি প্রথম কোথায় ছাপা হয় ?

☐ ভারতী পত্রিকায়, আষাঢ় সংখ্যায়, ১৩৩৫।

১১৪। 'তারা প্রসন্নের কীর্তি" গল্পটি প্রথম কোথায় প্রকাশিত ?

☐ হিতবাদী পত্রিকায়, ১২৯৮।

১১৫। 'দালিয়া' গল্পটি কোথায় কখন প্রকাশিত হয় ?

☐ সাধনা পত্রিকার মাঘ সংখ্যায়, ১২৯৮।

১১৬। 'দেনা পাওনা' কোথায় প্রথম ছাপা হয় ?

☐ হিতবাদী পত্রিকায় ১২৯৮ সালে।

১১৭। 'নষ্ট নীড়' গল্পটি কোথায় কখন প্রকাশিত হয় ?

☐ 'ভারতী' পত্রিকার বৈশাখ-অগ্রহায়ণ সংখ্যায়, ১৩০৮।

১১৮। 'নিশীথে' গল্পটি প্রথম কোথায় আত্মপ্রকাশ করে ?

☐ 'সাধনা' পত্রিকার মাঘ সংখ্যায়, ১৩০১।

১১৯। 'পয়লা নম্বর' গল্পটি কোন পত্রিকায় আত্মপ্রকাশ করে?

☐ সবুজপত্রের আষাঢ় সংখ্যায় ১৩২৪ সালে।

১২০। 'পাত্র পাত্রী' কোন্ পত্রিকায় আত্মপ্রকাশ করে ?

☐ সবুজপত্রের পৌষ সংখ্যায় ১৩২৪ সালে।

১২১। 'প্রতিবেশিনী' গল্পটি প্রথম কোথায় প্রকাশিত হয় ?

☐ সম্ভবতঃ 'প্রভাত' পত্রিকায়।

১২২। 'পোস্টমাস্টার' গল্পটি কোন্ পত্রিকায় কবে প্রথম প্রকাশিত হয় ?

☐ হিতবাদী পত্রিকায় ১২৯৮ সালে।

১২৩। 'বলাই' গল্পটি কোথায় প্রকাশিত হয় ?

☐ 'প্রবাসী'র অগ্রহায়ণ সংখ্যায় ১৩৩৫ সালে।

১২৪। 'বদনাম গল্পটি কখন কোথায় প্রথম প্রকাশিত হয় ?

☐ 'প্রবাসী'র আষাঢ় সংখ্যায় ১৩৪৮ সালে।

১২৫। 'বোষ্টমী' গল্পটি প্রথম কোথায় আত্মপ্রকাশ করে ?

☐ সবুজপত্র, আষাঢ় সংখ্যা, ১৩২১।

১২৬। 'বিচারক' গল্পটি কখন কোথায় প্রকাশিত হয় ?

☐ 'সাধনা' পত্রিকায় পৌষ সংখ্যায়, ১৩০১ সালে।

১২৭। 'ভিখারিণী' গল্পটি কোথায় কখন আত্মপ্রকাশ করে ?

☐ 'ভারতী' পত্রিকায়, শ্রাবণ-ভাদ্র সংখ্যায়, ১২৮৪ সাল।

১২৮। 'মণিহারা' গল্পটি কখন কোথায় প্রকাশিত হয় ?

☐ 'ভারতী' পত্রিকায় অগ্রহায়ণ সংখ্যায়, ১৩০৫।

১২৯। 'মেঘ ও রৌদ্র' গল্পটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

☐ 'সাধনা' পত্রিকার শ্রাবণ সংখ্যায় ১৩০১ সালে।

১৩০। 'রবিবার' গল্পটি কোথায় আত্মপ্রকাশ করে এবং কবে ?

☐ আনন্দবাজার পত্রিকায় ২৫শে আশ্বিন, ১৩৪৬।

১৩১। 'রামকানাইয়ের নির্বুদ্ধিতা' গল্পটি কোথায় আত্মপ্রকাশ করে ?

☐ 'হিতবাদী' পত্রিকায় ১২৯৮ সালে।

১৩২। 'রীতিমতো নভেল' কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয় ?

☐ 'সাধনা' পত্রিকায় ভাদ্র-আশ্বিন সংখ্যায়, ১২৯৯।

১৩৩। 'ল্যাবরেটরি' গল্পটি প্রথম কোন্ পত্রিকার ছাপা হয় ?

☐ আনন্দবাজার পত্রিকার শারদ সংখ্যায় ১৩৪৭ সালে।

১৩৪। 'সমাপ্তি' কোথায় আত্মপ্রকাশ করে ?

☐ 'সাধনা' পত্রিকার আশ্বিন-কার্তিক সংখ্যায়, ১৩০০।

১৩৫। 'সমস্যাপূরণ' গল্পটি কোথায় কবে প্রকাশিত হয় ?

☐ 'সাধনা' পত্রিকার অগ্রহায়ণ সংখ্যায় ১৩০০ সালে।

১৩৬। 'সম্পাদক' গল্পটি কখন, কোথায় প্রকাশিত হয় ?

☐ 'সাধনা' পত্রিকার বৈশাখ সংখ্যায় ১৩০০ সালে।

১৩৭। 'সুভা' গল্পটি প্রথম কোথায় আত্মপ্রকাশ করে ?

☐ 'সাধনা' পত্রিকায় মাঘ সংখ্যায় ১২৯৯ সালে।

১৩৮। 'সম্পত্তি সমর্পণ' গল্পটি কোথায় কবে প্রকাশিত হয় ?

☐ 'সাধনা' পত্রিকায় পৌষ সংখ্যায় ১২৯৮ সালে।

১৩৯। 'স্ত্রীর পত্র' গল্পটি কখন প্রথম প্রকাশিত হয় ?

☐ ১৩২১ সালে, সবুজপত্রের বৈশাখ সংখ্যায়।

১৪০। 'ক্ষুধিত পাষাণ' গল্পটি কখন কোথায় প্রকাশিত হয় ?

☐ সাধনা পত্রিকার শ্রাবণ সংখ্যায় ১৩০২ সালে।

১৪১। 'নামমঞ্জুর গল্প' কখন আত্মপ্রকাশ করে ?

☐ ১৩৩২ সালে প্রবাসীর অগ্রহায়ণ সংখ্যায়।

১৪২। 'চিত্রকর' গল্পটি প্রথম কোথায় প্রকাশিত হয়।

☐ 'প্রবাসী' পত্রিকার অগ্রহায়ণ সংখ্যায় ১৩৩৫ সালে।

১৪৩। 'খাতা' গল্পটি কোথায় প্রকাশিত হয় ?

☐ সম্ভবতঃ এটি প্রথম প্রকাশিত হয় 'হিতবাদী'তে।

১৪৪। 'গিন্নী' গল্পটি কোথায় প্রথম প্রকাশিত হয় ?

☐ সম্ভবতঃ 'হিতবাদী' পত্রিকায়।

১৪৫। 'উদ্ধার' গল্পটি কখন কোথায় প্রথম ছাপা হয় ?

☐ ভারতী পত্রিকায়, শ্রাবণ সংখ্যা, ১৩০৭।

১৪৬। 'মানভঞ্জন' কোথায় প্রথম প্রকাশিত হয় ?

☐ 'সাধনা' পত্রিকার বৈশাখ সংখ্যায় ১৩০২ সালে।

১৪৭। 'মুকুট' প্রথম কোথায় ছাপা হয় ?

☐ 'বালক' পত্রিকায়, বৈশাখ-জ্যৈষ্ঠ সংখ্যা, ১২৯২।

১৪৮। 'মানসী' কাব্যগ্রন্থ কখন প্রকাশিত হয় ?

☐ ১২৯৭ সালে।

১৪৯। 'চিত্রাঙ্গদা' কখন প্রকাশিত হয় ?

☐ ১২৯৯ সালে।

১৫০। 'গোড়ায় গলদ' কখন প্রকাশিত হয় ?

☐ ১২৯৯ সালে।

১৫১। ইউরোপ যাত্রীর ডায়েরি কখন প্রকাশিত হয় ?

☐ ১৩০০ সালে।

১৫২। 'সোনার তরী' কোন জাতীয় গ্রন্থ ? এর প্রকাশ কাল ?

☐ কাব্যগ্রন্থ, প্রকাশিত হয় ১৩০০ সালে।

১৫৩। 'ছোট গল্প' কখন প্রকাশিত হয় ?

☐ ১৩০১ সালে।

১৫৪। 'বিচিত্র গল্প' কোন সময়ে প্রকাশিত হয় ?

☐ ১৩০১ সালে।

১৫৫। 'কথা চতুষ্টয়' কোন সালে প্রকাশিত হয় ?

☐ ১৩০১ সালে।

১৫৬। 'গল্প দশক' কখন আত্মপ্রকাশ করে ?

☐ ১৩০১ সালে।

১৫৭। 'নদী' কখন প্রকাশিত হয় ? এটি কোন শ্রেণীর গ্রন্থ ?

☐ ১৩০২ সালে, কাব্যগ্রন্থ।

১৫৮। 'চিত্রা' কাব্যগ্রন্থ কোন সালে প্রকাশিত হয় ?

☐ ১৩০২ সালে।

১৫৯। 'কাব্যগ্রন্থাবলী' কখন প্রকাশিত হয় ?

☐ ১৩০৩ সালে।

১৬০। বৈকুণ্ঠের খাতা' কোন্ শ্রেণীর গ্রন্থ, কখন প্রকাশিত হয় ?

☐ নাটক, প্রকাশিত হয় ১৩০৩ সালে।

১৬১। 'পঞ্চভূতের ডায়েরি' কখন প্রকাশিত হয় ?

☐ ১৩০৪ সালে।

১৬২। 'কণিকা' কখন আত্মপ্রকাশ করে ?

☐ ১৩০৬ সালে।

১৬৩। 'কথা' কখন প্রকাশিত হয় ?

☐ ১৩০৬ সালে।

১৬৪। 'কাহিনী' কখন প্রকাশিত হয় ?

☐ ১৩০৬ সালে।

১৬৫। 'নৈবেদ্য' কখন প্রকাশিত হয় ?

☐ ১৩০৮ সালে।

১৬৬। 'শিশু' কখন প্রকাশিত হয় ?

☐ ১৯২০ খ্রীষ্টাব্দে।

১৬৭। 'শারদোৎসব' কখন প্রকাশিত হয়

☐ ১৯০৮ খ্রীষ্টাব্দে।

১৬৮। 'গীতাঞ্জলি' কখন প্রকাশিত হয় ;

☐ ১৯১২ খ্রীষ্টাব্দে।

১৬৯। 'অচলায়তন' কখন আত্মপ্রকাশ করে ?

☐ ১৯১১ খ্রীষ্টাব্দে।

১৭০। 'চণ্ডালিকা' কোন্ শ্রেণীর রচনা ?

☐ গীতিনাট্য।

১৭১। 'রক্তকরবী' কোন্ শ্রেণীর রচনা ?

☐ সাংকেতিক নাটক।

১৭২। 'চতুরঙ্গ' কোন্ শ্রেণীর রচনা ?

☐ উপন্যাস।

১৭৩। বিপ্লববাদী দেশপ্রেমিকদের নিয়ে লেখা রবীন্দ্র উপন্যাস কোন্ কোন্‌টি ?

☐ 'চার অধ্যায়' ও 'ঘরে বাইরে'।

১৭৪। রবীন্দ্রনাথ প্রথম কোন্ উপন্যাস রচনায় হাত দেন ?

☐ 'করুণা'—অসমাপ্ত রচনা।

১৭৫। রবীন্দ্রনাথের প্রকৃত প্রথম উপন্যাস কোন্‌টি ?

☐ বউ ঠাকুরাণীর হাট (১৮৮৩)।

১৭৬। 'রাজর্ষি' কখন লেখা হয় ?

☐১৮৮৭ খ্রীষ্টাব্দে।

১৭৭। 'চোখের বালি' কখন প্রকাশিত হয় ?

☐ ১৯০৩ খ্রীষ্টাব্দে।

১৭৮। 'গোরা' কখন প্রকাশিত হয় ?

☐ ১৯১০ খ্রীষ্টাব্দে।

১৭৯। 'চতুরঙ্গ' কখন প্রকাশিত হয় ?

☐ ১৯১৬ খ্রীষ্টাব্দে।

১৮০। ঘরে বাইরে কখন প্রকাশিত হয় ?

☐ ১৯১৬ খ্রীষ্টাব্দে।

১৮১। 'যোগাযোগ' প্রকাশিত হয় কখন ?

☐ ১৯২৯ খ্রীষ্টাব্দে।

১৮২। 'শেষের কবিতা' কখন প্রকাশিত হয় ?

☐ ১৯২৯ খ্রীষ্টাব্দে।

১৮৩। শেষের কবিতার নায়ক নায়িকা কে ?

☐ অমিত রায় ও লাবণ্য।

১৮৪। 'গোরা' উপন্যাসের নায়ক কে ?

☐ গোরা।

১৮৫। ঘরে বাইরে উপন্যাসের নায়ক, প্রতিনায়ক ও নায়িকা কে ?

☐ যথাক্রমে নিখিলেশ, সন্দীপ ও বিমলা।

১৮৬। 'দুই বোন' কখন প্রকাশিত হয় ?

☐ ১৯৩৩ খ্রীষ্টাব্দে।

১৮৭। 'মালঞ্চ' কখন প্রকাশিত হয় ?

☐ ১৯৩৪ খ্রীষ্টাব্দে।

১৮৮। 'চার অধ্যায়' কখন প্রকাশিত হয় ?

☐ ১৯৩৪ খ্রীষ্টাব্দে।

১৮৯। 'নষ্ট নীড়' ছোট গল্প না উপন্যাস ?

☐ ছোট গল্প।

১৯০। রবীন্দ্রনাথ মোট কয়টি উপন্যাস লেখেন ?

☐ ১২টি উপন্যাস।

১৯১। স্ত্রীর মৃত্যুতে কবি কোন কাব্যগ্রন্থ রচনা করেন ?

☐ "স্মরণ"।

১৯২। 'বিসর্জন' নাটকের প্রকাশ কাল ?

☐ ১৮৯০ খ্রীষ্টাব্দে।

১৯৩। 'ডাকঘর' নাটকটি কখন প্রকাশিত হয় ?

☐ ১৯১২ খ্রীষ্টাব্দে।

১৯৪। মুক্তধারা নাটকের প্রকাশ কাল ?

☐ ১৯২২ খ্রীষ্টাব্দে।

১৯৫। 'গৃহ প্রবেশ' নাটকটির প্রকাশ কাল ?

☐ ১৯২৫ খ্রীষ্টাব্দে।

১৯৬। 'তাসের দেশ' কখন প্রকাশিত হয় ?

☐ ১৯৩৩ খ্রীষ্টাব্দে।

১৯৭। 'তপতী' নাটকের প্রকাশ কাল ?

☐ ১৯২৯ খ্রীষ্টাব্দে।

১৯৮। 'রক্ত করবী' নাটকটির প্রকাশ কাল কখন ?

☐ ১৯২৬ খ্রীষ্টাব্দে।

১৯৯। কবির শেষ রচনা কোন্‌টি ?

☐ "তোমার সৃষ্টির পথ রেখেছ আকীর্ণ করি
বিচিত্র ছলনা-উথালে
হে ছলনাময়ী!"

কবিতাটি মৃত্যুর সাতদিন পূর্বে রচিত। এইটিই কবির সর্বশেষ রচনা।

রবীন্দ্রনাথ ঃ নানা প্রসঙ্গ

১। 'কণ্ঠরোধ' প্রবন্ধটি কোথায় কখন পড়া হয় ?

☐ কোলকাতার টাউন হলে ১৩০৫ সালে।

২। 'নমস্কার' কবিতায় কাকে নমস্কার করা হয়েছে ?

☐ অরবিন্দকে।

৩। অ্যানি বেশান্ত কখন গ্রেপ্তার হন ? রবীন্দ্রনাথের প্রতিক্রিয়া কি ?

☐ গ্রেপ্তার হন ১৫জুন ১৯১৭। রবীন্দ্রনাথ এই গ্রেপ্তারের বিরুদ্ধে এক বিবৃতি দেন।

৪। হিজলীর বন্দীনিবাসে কখন গুলি চলে ?

☐ ৬ সেপ্টেম্বর ১৯৩১ খ্রীষ্টাব্দে।

৫। এ ব্যাপারে (বন্দীনিবাসে গুলি) রবীন্দ্রনাথের প্রতিক্রিয়া কি ?

☐ এই বছরই (১৯৩১) ২৬ সেপ্টেম্বর মনুমেণ্টের পাদদেশে বিশাল সভায় কবি এই ঘটনার নিন্দা করেন।

৬। চীনের ছাত্রদের সামনে কবি কোথায় কখন ভাষণ দেন ?

☐ জেনিভায় ১৯৩০ খ্রীষ্টাব্দে।

৭। All People's Association কবিকে কোথায় সংবর্ধনা দেয় ?

☐ ইংল্যাণ্ডের হাইড পার্কে, ৮ জানুয়ারী ১৯৩০।

৮। আন্দামান রাজনৈতিক বন্দী সাহায্য কমিটির সভাপতি কে ছিলেন ?

☐ রবীন্দ্রনাথ।

৯। All India civil liberties Union-এর সভাপতি কে ছিলেন ?

☐ রবীন্দ্রনাথ।

১০। বিলাতের "National Council for civil liberties"-এর সহ-সভাপতির নাম কি ?

☐ রবীন্দ্রনাথ ঠাকুর।

১১। ত্রিবাঙ্কুরের উৎপীড়িত জনগনের সমর্থনে কবি কবে প্রেস বিবৃতি দেন ?

☐ ১৯৩৮ খ্রীষ্টাব্দের ৪ অক্টোবর।

১২। কবি নোগুচিকে খোলা চিঠি কখন লেখেন ?

□ ২৯ অক্টোবর ১৯৩৮।

১৩। "ধূমকেতু" পত্রিকার জন্যে কবি কোন্ বাণী পাঠান ?

□ "আয় চলে আয়, রে ধূমকেতু
আঁধারে বাঁধ্ অগ্নি সেতু"...ইত্যাদি।

১৪। নজরুলকে কোন্ নাটিকাটি রবীন্দ্রনাথ উৎসর্গ করেন ?

□ "বসন্ত" নাটিকাটি।

১৫। শিলং থেকে নজরুলকে রবীন্দ্রনাথ অনশন ভঙ্গ করবার জন্য টেলি-গ্রামে কি লেখেন ?

□ "Give up hunger strike, our
literature claims you."

১৬। হিজলীর বন্দীরা রবীন্দ্র জয়ন্তী কখন পালন করেন ?

□ ১৯৩২ খ্রীষ্টাব্দে।

১৭। বক্সাদুর্গের বন্দীরা কখন রবীন্দ্রনাথকে অভিনন্দন পাঠান ?

□ ১৯৩১ খ্রীষ্টাব্দে।

১৮। বন্দীদের (বক্সার) অভিনন্দনের উত্তরে কবি কি লেখেন ?

□ নিশীথেরে লজ্জা দিল অন্ধকারে রবির বন্দন।
পিঞ্জরে বিহঙ্গ বাঁধা, সঙ্গীন না মানিল বন্ধন।"

১৯। সুভাষ-দিবস কখন পালিত হয় ? কবির প্রতিক্রিয়া ?

□ ১৯৩৫ খ্রীষ্টাব্দের ১০ মে। রবীন্দ্রনাথ এই উপলক্ষ্যে একটি আবেদন রাখেন ৮ই মে আনন্দবাজার পত্রিকায়।

২০। 'আন্দামান দিবস' কখন পালিত হয় ? কবির প্রতিক্রিয়া ?

□ ১৯৩৭ এর ১৪ই আগষ্ট। এই দিনটির তাৎপর্য ব্যাখ্যা করে কবি ভাষণ দেন।

২১। "কর্তার ইচ্ছায় কর্ম" প্রবন্ধটি রবীন্দ্রনাথ কোথায় পাঠ করেন এবং কখন ?

□ ১৩২৪ সালে, রামমোহন লাইব্রেরীতে।

২২। কবির সঙ্গে সুভাষচন্দ্রের প্রথম সাক্ষাৎ কখন হয় ?

□ শান্তিনিকেতনে ১৯১৪ খ্রীষ্টাব্দে।

২৩। আমেরিকা ভ্রমণরত অসুস্থ কবিকে সুভাষচন্দ্র Telegram করেন কখন ?

☐ ২২ অক্টোবর ১৯৩০।

২৪। রবীন্দ্রনাথ সুভাষচন্দ্রকে কি জানান ?

☐ "ধন্যবাদ, পূর্বাপেক্ষা অনেকটা ভাল আছি।"

২৫। ১৯৩১-এর বন্যায় বিধ্বস্ত মানুষের জন্য রবীন্দ্রনাথ কি করেন ?

☐ বিশ্বভারতীর পক্ষ থেকে সাহায্য সংগ্রহ শুরু করেন।

২৬। ইউরোপে সুভাষবসুর চিকিৎসার জন্য পরিচয় পত্র গান্ধীজী বা রবীন্দ্রনাথ দিয়েছিলেন কি ?

☐ গান্ধীজী দেননি, রবীন্দ্রনাথ দিয়েছিলেন।

২৭। বন্দেমাতরম্ গানটি রবীন্দ্রনাথ প্রথম কোথায় গান ?

☐ ১৮৯৬ খ্রীষ্টাব্দে কলকাতা কংগ্রেস অধিবেশনে।

২৮। 'জনগণমন' সংগীতটিকে জাতীয় সংগীত হিসেবে গ্রহণ করবার জন্য কে প্রস্তাব করে ?

☐ Dr. J. H. Cousius, Madrass Mail পত্রিকায়।

২৯। 'জনগণমন' প্রথম কোথায় গাওয়া হয় ?

☐ ১৯১১ সালে কলকাতায় কংগ্রেস অধিবেশনের দ্বিতীয় দিনে।

৩০। ১৪ই আগস্ট ১৯৪৭ মধ্যরাত্রে গণ পরিষদের প্রথম অধিবেশনে কোন্ কোন্ গান গাওয়া হয় ?

☐ শুরুতে 'বন্দেমাতরম্' শেষে 'জনগণমন'।

৩১। অমলহোম কে ?

☐ 'ক্যালকাটা মিউনিসিপ্যাল গেজেটের' সম্পাদক ছিলেন, রবীন্দ্র সমালোচক, 'জনগণমন' গানটির প্রথম গায়ক দলে ছিলেন (১৯১১)।

৩২। 'জনগণমন অধিনায়ক' কখন থেকে জাতীয় সংগীত হয় ?

☐ ২৪শে জানুয়ারী ১৯৫০ খ্রীষ্টাব্দ থেকে।

৩৩। অ্যানি বেশান্টের অন্তরায়িত হবার সংবাদে রবীন্দ্রনাথ কোন পত্রিকায় প্রতিবাদ করেন ?

☐ "New India" পত্রিকায়।

৩৪। বেশান্টের প্রতি ব্রিটিশ সরকারের দুর্ব্যবহারে রুষ্ট হয়ে রবীন্দ্রনাথ কোন প্রবন্ধটি লেখেন ?

☐ "কর্তার ইচ্ছায় কর্ম" প্রবন্ধটি।

৩৫। বেশান্টকে জোড়াসাঁকোতে আপ্যায়ন করে কোন নাটক দেখানো হয় এবং কখন ?

☐ 'ডাকঘর' নাটক দেখানো হয় ১৯১৭ খ্রীষ্টাব্দে।

৩৬। রবীন্দ্রনাথের পরলোকচর্চায় 'মিডিয়ম' কে ছিল ?

☐ অধ্যাপক মোহিতচন্দ্র সেনের কন্যা উমা সেন (বুলু)।

৩৭। 'মহাজাতি সদন" নামটি কার দেওয়া ?

☐ রবীন্দ্রনাথ ঠাকুরের দেওয়া।

৩৮। মহাজাতিসদনের ভিত্তিপ্রস্তর কখন কে স্থাপন করেন ?

☐ ১৮ই আগস্ট ১৯৩৯ তে রবীন্দ্রনাথ স্থাপন করেন।

৩৯। সুভাষ বসুর অন্তর্ধানের খবরে কবি বিচলিত হয়ে কাকে 'তার' করেন ?

☐ শরৎ বসুকে তার করেন ৩০শে জানুয়ারী ১৯৪০।

৪০। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে রবীন্দ্রনাথের প্রথম দেখা কখন হয় ?

☐ ১৯৩৩ খ্রীষ্টাব্দে।

৪১। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের "মানময়ী" নাটকে রবীন্দ্রনাথ কোন ভূমিকায় অভিনয় করেন ?

☐ মদনের ভূমিকায়।

৪২। বাল্মীকি প্রতিভা নাটকে কবি কোন ভূমিকায় অভিনয় করেন ?

☐ দস্যুরত্নাকরের ভূমিকায়।

৪৩। রঙ্গ মঞ্চে সাধারণ সমক্ষে প্রথম কোন্ নাটকে কবি অভিনয় করেন ?

☐ "বাল্মীকি প্রতিভা" নাটকে।

৪৪। "কাল মৃগয়া" নাটকে রবীন্দ্রনাথ কোন্ ভূমিকায় অবতীর্ণ হন ?

☐ অন্ধমুনির ভূমিকায়।

৪৫। "বৈকুণ্ঠের খাতা" নাটকে কবি কোন ভূমিকায় নামেন ?

☐ কেদারের ভূমিকায় অভিনয় করেন।

৪৬। "রাজা ও রাণী" নাটকে কোন ভূমিকায় কবি অভিনয় করেন ?

☐ রাজা বিক্রমের ভূমিকায়।

৪৭। "বিসর্জন" নাটকে কবি কোন ভূমিকায় নামেন ?

☐ রঘুপতির ভূমিকায়।

৪৮। জ্যোতিরিন্দ্রনাথের "অলীক বাবু" নাটকে কোন চরিত্রে কবি অভিনয় করেন ?

☐ অলীক বাবুর ভূমিকায়।

৪৯। 'পুনর্বসন্ত' নাটকের তালিম দেবার সময় কবি কি করেন ?

☐ কোমরে চাদর বেঁধে হাততালি দিয়ে সখীদের নাচ শিখিয়েছিলেন কবি।

৫০। রবীন্দ্র রচনা নিয়ে প্রথম নির্মিত ছায়াছবি কোনটি ? এটা কোন্ সময়ের কথা ?

☐ "মানভঞ্জন"। ১৯২৩ খ্রীষ্টাব্দের কথা।

৫১। মানভঞ্জন কে পরিচালনা করেন ? ছবিটি কি নির্বাক ছবি ?

☐ পরিচালক ছিলেন নরেশচন্দ্র মিত্র। ছবিটি নির্বাক।

৫২। 'বিচারক', 'গিরিবালা', 'দালিয়া' এই সব নির্বাক ছবিগুলির পরিচালককে বা কারা ?

☐ বিচারক—শিশির ভাদুড়ী,
দালিয়া ও গিরিবালা—মধুবসু।

৫৩। রবীন্দ্রনাথ কোন ছায়াছবির পরিচালক ছিলেন ?

☐ নটীর পূজা।

৫৪। সবাক ছবি নটীর পূজা কখন তৈরী হয় ?

☐ ১৯৩২-এর ২২শে মার্চ।

৫৫। "নটীর পূজা" ছবিটি কোথায় মুক্তি পায় এবং এর প্রযোজক কে ?

☐ চিত্রা সিনেমায়। প্রযোজক ছিল নিউ থিয়েটার্স।

৫৬। উত্তমকুমার প্রথম রবীন্দ্র সৃষ্ট চরিত্রে অভিনয় করেন কোন সিনেমায় ?

☐ বৌঠাকুরাণীর হাট (১৯৫৩) ছায়াছবিতে।

৫৭। রবীন্দ্রনাথ 'হিতবাদী'তে কখন যোগ দেন ?

☐ ১২৯৭ সালে।

৫৮। রবীন্দ্রনাথ সাধনা পত্রিকায় কখন যোগ দেন ?

☐ ১২৯৭ সালে।

৫৯। কাশী হিন্দু বিশ্ববিদ্যালয় কখন কবিকে ডি. লিট্ দেন ?

☐ ১৯৩৫ খ্রীষ্টাব্দে।

৬০। ঢাকা বিশ্ববিদ্যালয় কবিকে কখন ডি. লিট্ দেন ?

☐ ১৯৩৬ খ্রীষ্টাব্দে।

৬১। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় কবিকে কখন ডি. লিট্ উপাধী দেন ?

☐ ১৯৪০ খ্রীষ্টাব্দে।

৬২। ৭০ বছর বয়সে চারদিন ব্যাপী রবীন্দ্র জয়ন্তী কোথায় হয়েছিল ?

☐ কোলকাতায় টাউন হলে।

৬৩। "Golden Book of Tagore-এ কি আছে ?

☐ পৃথিবীর নানা জায়গার সুধীজনের কবির উদ্দেশ্যে পাঠানো বাণী।

৬৪। রবীন্দ্রনাথকে কে "গানের রাজা" বলেছেন ?

☐ সত্যেন্দ্রনাথ দত্ত।

৬৫। রবীন্দ্রনাথের গানের সংখ্যা কত ?

☐ দু'হাজারেরও বেশী।

৬৬। "কারাগার কন্ঠরোধ রবীন্দ্রনাথ" কার লেখা ?

☐ দিলীপ মজুমদার।

৬৭। "রবীন্দ্রনাথ ও বিপ্লবীসমাজ" কার লেখা ?

☐ চিন্মোহন সেহানবীশ।

৬৮। "রবীন্দ্রনাথ রাজনৈতিক ব্যক্তিত্ব"—কার লেখা ?

☐ অরবিন্দ পোদ্দার।

৬৯। "ভারতের জাতীয়তা ও আন্তর্জাতিকতা এবং রবীন্দ্রনাথ"– কার লেখা গ্রন্থ ?

☐ নেপাল মজুমদার।

৭০। "রবীন্দ্রনাথ ও বাংলার পল্লী"—কার লেখা গ্রন্থ ?

☐ তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়।

৭১। "সমকালীন ভারতীয় রাজনীতি ও রবীন্দ্রসাহিত্য"—কার লেখা ?

☐ জীতেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।

৭২। "সমাজ প্রগতি ও রবীন্দ্রনাথ" কার গ্রন্থ ?

☐ ক্ষুদিরাম দাস।

৭৩। "কাব্য পরিক্রমা" কার রচনা ?

☐ অজিতকুমার চক্রবর্তী।

৭৪। "রবীন্দ্রনাথ" কার লেখা ?

☐ অজিতকুমার চক্রবর্তী।

৭৫। 'ঘরোয়া' ও 'জোড়াসাঁকোর ধারে' গ্রন্থ দু'টি কার রচনা ?

☐ অবনীন্দ্রনাথ ঠাকুর ও রানীচন্দের রচনা।

৭৬। "অন্য রবীন্দ্রনাথ" কার রচনা ?

☐ অমিতাভ চৌধুরীর রচনা।

৭৭। "নানা রবীন্দ্রনাথ" কার রচনা ?

☐ অমিত্রসূদন ভট্টাচার্য।

৭৮। "কবিগুরু" কার রচনা ?

☐ অমূল্যধন মুখোপাধ্যায়ের রচনা।

৭৯। আবুসায়ীদ আয়ুবের বিখ্যাত রবীন্দ্র বিষয়ক গ্রন্থ কোনটি ?

☐ "আধুনিকতা ও রবীন্দ্রনাথ।"

৮০। "রবীন্দ্রকাব্য পরিক্রমা" কার লেখা।

☐ উপেন্দ্রনাথ ভট্টাচার্যের লেখা।

৮১। ক্ষিতিমোহন সেনের বিখ্যাত রবীন্দ্র বিষয়ক গ্রন্থ কোনটি ?

☐ বলাকা কাব্য পরিক্রমা।

৮২। "ছন্দোগুরু রবীন্দ্রনাথ" কার লেখা গ্রন্থ ?

☐ প্রবোধচন্দ্র সেনের লেখা।

৮৩। "রবীন্দ্রজীবনী ও রবীন্দ্রসাহিত্য প্রবেশক"—কার রচনা ?

☐ প্রভাতকুমার মুখোপাধ্যায়।

৮৪। "রবীন্দ্রনাথ ও শান্তিনিকেতন" কার লেখা গ্রন্থ ?

☐ প্রমথ নাথ বিশী।

৮৫। রবীন্দ্র কথা সাহিত্যে চরিত্র ব্যাখ্যান" গ্রন্থটি কে রচনা করেছেন ?

☐ বাসন্তী মুখোপাধ্যায়।

৮৬। "বাক্যের সৃষ্টি ঃ রবীন্দ্রনাথ" কার লেখা গ্রন্থ ?

☐ অশ্রুকুমার শিকদার।

৮৭। "তুমি শুধু পঁচিশে বৈশাখ" কার লেখা ?

☐ বিষ্ণু দে।

৮৮। "সঙ্গ নিঃসঙ্গতা রবীন্দ্রনাথ" কার রচনা ?

☐ বুদ্ধদেব বসু।

৮৯। "রবীন্দ্র গ্রন্থ পরিচয়" কার রচনা ?

☐ ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।

৯০। "রবীন্দ্র চিন্তাচর্চা" কার রচনা ?

☐ ভবতোষ দত্ত।

৯১। "রবীন্দ্র উপন্যাস ঃ ইতিহাসের প্রেক্ষিতে"—কার রচনা ?

☐ ভূদেব চৌধুরী।

৯২। "মংপুতে রবীন্দ্রনাথ" কার গ্রন্থ ?

☐ মৈত্রেয়ী দেবী।

৯৩। "দক্ষিণের বারান্দা" কার গ্রন্থ ?

☐ মোহনলাল গঙ্গোপাধ্যায়।

৯৪। "পিতৃস্মৃতি" কার রচনা ?

☐ রথীন্দ্রনাথ ঠাকুর।

৯৫। "কবিগুরু রবীন্দ্রনাথ" গ্রন্থটির লেখক কে ?

☐ আব্দুল ওদুদ কাজী।

৯৬। "রবীন্দ্রনাথের বিশ্বাসের জগৎ" কার লেখা ?

☐ সত্যেন্দ্রনাথ রায়।

৯৭। "রবীন্দ্র সাহিত্যের আদিপর্ব" কার লেখা ?

☐ সংঘমিত্রা বন্দ্যোপাধ্যায়।

৯৮। "বাইশে শ্রাবন" কার লেখা গ্রন্থ ?

☐ নির্মল কুমারী মহলানবীশ।

৯৯। "ঠাকুর বাড়ীর আঙ্গিনায়" কার লেখা গ্রন্থ ?

☐ জসীমুদ্দিন।

১০০। "রবীন্দ্রবর্ষ পঞ্জী" কার রচনা ?

☐ প্রভাতকুমার মুখোপাধ্যায়।

১০১। "রবীন্দ্রগ্রন্থ পঞ্জী" কার রচনা ?

☐ পুলিন বিহারী সেন।

১০২। অন্ধ বাউলের ভূমিকায় রবীন্দ্রনাথ কোন নাটকে অভিনয় করেন ?

☐ "ফাল্গুনী" নাটকে, ১৯১৬ তে।

১০৩। "সে দিন কে জানিত এই কবিতায় আমার সমস্ত কাব্যের ভূমিকা লেখা হইতেছে"—কোন কবিতার কথা বলা হয়েছে ?

☐ 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কবিতা।

১০৪। বসন্ত বা টাইফয়েড কলেরার টিকা কবি কখনো নিয়েছিলেন কি ?

☐ কখনোই নয়। টিকা বা ঐ জাতীয় ইনজেকশন তিনি নেননি।

১০৫। কোন্ রোগে রবীন্দ্রনাথের মৃত্যু হয় ?

☐ প্রোস্ট্রেট গ্ল্যাণ্ডের অসুখে।

১০৬। রোগটি প্রথমে কোথায় ধরা পড়ে এবং কখন ?

☐ ১৯৪০ খ্রীষ্টাব্দে সেপ্টেম্বরে কালিমপঙে।

১০৭। রবীন্দ্রনাথকে সুপা পিউবিক সিস্টোস্টমি কখন করা হয় ?

☐ ১৯৪১ খ্রীষ্টাব্দে ৩০ শে জুলাই।

১০৮। রবীন্দ্রনাথকে কোন্ কোন্ ডাক্তার চিকিৎসা করেছেন ?

☐ নীলরতন সরকার, বিধানচন্দ্র রায়, ললিতমোহন ব্যানার্জী, ইন্দুভূষণ বসু, জিতেন দত্ত, অমিয় সেন, সত্যসখা মৈত্র, সত্যেন রায়, প্রেমনীহার দে, অমর গুপ্ত, প্রমুখ।

১০৯। কবির অপারেশনে কবি ও রথীন্দ্রনাথের মত কি ছিল ?

☐ অপারেশনে কবির মত ছিল না। রথীনঠাকুর শেষ সময়ে অপারেশনে মত দেন।

১১০। রবীন্দ্রনাথের শরীরে আরও একবার অস্ত্র প্রচার করা হয়েছিল—সেটা কবে ও কেন ?

☐ সেটা সম্ভবতঃ ১৯১২ খ্রীষ্টাব্দে অর্শ রোগের জন্য।

১১১। চশমা কখন ব্যবহার শুরু করেন রবীন্দ্রনাথ ?

☐ মধ্য তিরিশে।

১১২। কখন, কোথায়, কেন রবীন্দ্রনাথ দাঁত তুলতে গিয়ে বিরক্ত হয়েছিলেন ?

☐ ১৯৩০ খ্রীষ্টাব্দে প্যারিসে এই ঘটনা ঘটে। ডাক্তার ভুল করে অন্য ভাল দাঁত তুলে ফেলেন।

১১৩। রবীন্দ্রনাথের ইরিসিপেলাস কখন হয় ?

☐ ১৯৩৭ সালে ৭৬ বছর বয়সে।

১১৪। নার্স ছাড়া অসুস্থ রবীন্দ্রনাথকে কে কে সেবা করতেন ?

☐ রানীচন্দ, অমিতা ঠাকুর, রানী মহলানবিশ. মৈত্রেয়ী দেবী, নন্দিতা কৃপালনি, অনিল চন্দ্র. শান্তিদেব ঘোষ প্রমুখ।

১১৫। রবীন্দ্রনাথ শান্তিনিকেতন ছেড়ে শেষবারের মত কবে চলে যান ?

☐ ৯ই শ্রাবণ, ২৫শে জুলাই ১৯৪১।

১১৬। রবীন্দ্রনাথের শেষ সই কোনটি ?

☐ প্রতীমা দেবীকে লেখা চিঠি, ৩০শে জুলাই ১৯৪১, 'বাবামশাই' এই শব্দটি।

১১৭। রবীন্দ্রনাথের 'সুপ্রা পিউবিক সিস্টোস্কমি' অপারেশনে কতটা সময় লাগে ?

☐ ২৫ মিনিট।

১১৮। রবীন্দ্রনাথের শেষ আহার কি কি ছিল ?

☐ সন্ধ্যায় দেড় আউন্স আখের রস, রাত্রে আধ আউন্স বার্লি। অজ্ঞান অবস্থায় সামান্যই খাওয়ানো যেত।

১১৯। কখন রবীন্দ্রনাথের জীবন লীলা শেষ হয় ?

☐ ২২শে শ্রাবণ ১২ টা ১০ মিঃ, ৮ই আগষ্ট ১৯৪১।

স্মরণীয় উচ্চারণ

☐ অধ্যাপক

অনেক অধ্যাপক দেখেছি, তাঁদের মুখ থেকে হাসি বের করতে হলে ডাক্তার ডাকতে হয়। —তিনসঙ্গী

☐ অপব্যয়

মানুষ ব্যয় করে বাঁধা নিয়মে, অপব্যয় করে নিজের খেয়ালে।—বিচিত্র প্রবন্ধ

☐ অমৃত

অমৃত জিনিসটা রসের মধ্যে নেই, রসবোধের মধ্যেই আছে।—জীবন স্মৃতি

☐ প্রেম

প্রেমের দুই বিরুদ্ধ পার আছে। এক পারে চোরা গলি আর এক পারে ফসলের খেত।—পশ্চিম যাত্রীর ডায়রি

☐ নিন্দা

নিন্দা না থাকিলে পৃথিবীতে জীবনের গৌরব কি থাকিত ?—বিচিত্র প্রবন্ধ

☐ নারী

প্রাণকে নারী পূর্ণতা দেয় সেই জন্যেই নারী মৃত্যুকেও মহীয়ান করতে পারে।—বাঁশরি

☐ আতমীয়

আতমীয়তায় ছোটোকে বড়ো করে তোলে বটে, তেমনি বড়োকেও ছোটো করে আনে।—চিরকুমার সভা

☐ আদর্শ

হওয়াটাই জগতে চরম আদর্শ, করাটা নহে।—ভারতবর্ষ

☐ আনন্দ

আনন্দই উপাসনা আনন্দময়ের। —চৈতালি

☐ আর্ট

আর্টে আমরা গুণবানকে চাইনে রূপবানকে চাই।—যাত্রী

☐ ইতিহাস

সব ইতিহাসই বাইরের দিকে অন্ন নিয়ে যুদ্ধ, আর ভিতরের দিকে তত্ত্ব নিয়ে যুদ্ধ।—যাত্রী

☐ ঈশ্বর

ঈশ্বরের ইচ্ছার মধ্যে ব্যস্ততা নাই কিন্তু অমোঘতা আছে।—সঞ্চয়

☐ উপাসনা

আনন্দই উপাসনা আনন্দময়ের।—চৈতালি

☐ উপায়

উপায় জিনিসটাই হচ্ছে হীন।

☐ কন্যা

কন্যা নহেক পিতার

শাখাচ্যুত পুষ্প শাখে ফিরে নাকো আর।—কাহিনী

☐ কবি

কবিরে পাবে না তাহার জীবন চরিতে।—উৎসর্গ

☐ কবিতা

কোনো ভাল কবিতাই একেবারে শূন্যের মধ্যে শেষ হয় না।—শান্তিনিকেতন

☐ কাব্য

কাব্য বোঝার আনন্দেরও সাধনা করতে হয়।—সাহিত্যের পথে

☐ কালচার

কমল হীরের পাথরটাকেই বলে বিদ্যে, আর ওর থেকে যে আলো ঠিকরে পড়ে তাকেই বলে কালচার।—শেষের কবিতা

☐ কলিকাতা

কলিকাতায় অনেক তর্ক, অনেক কথা, সেখানে দেখিতে দেখিতে বুদ্ধি অকালে পাকিয়া কঠিন হইয়া উঠে।—গল্পগুচ্ছ

☐ ক্ষমা

ক্ষমা শুধু শক্তের ভূষণ নহে, সময় বিশেষে শক্তের ব্রহ্মাস্ত্রও ক্ষমা।

—রাজাপ্রজা

☐ চরিত্র

চরিত্র শব্দের অর্থই এই—যাতে করে চলা যায়।—শান্তিনিকেতন

☐ চাকরি

চাকরি পাওয়া কঠিন, কিন্তু না পাওয়া……আরও কঠিন।

—গল্পগুচ্ছ

☐ ছন্দ

ছন্দের বৈচিত্র্যই রূপের বৈচিত্র্য।—বাংলা ভাষা পরিচয়

☐ জীবন

জীবনটাকে কেঁদে ভাসিয়ে দেওয়ার চেয়ে হেসে উড়িয়ে দেওয়াই ভালো।

—ঘরে বাইরে

☐ টাকা

টাকা যে মানুষ জমিয়েছে অনেক পাপ জমিয়েছে সে তার সঙ্গে।—তিনসঙ্গী

☐ দান

প্রীতির দানে কোনো অপমান নাই কিন্তু হিতৈষিতার দানে মানুষ অপমানিত হয়।—কালান্তর

☐ দাম্পত্য

দাম্পত্যটা একটা আর্ট, প্রতিদিন ওকে নূতন করে সৃষ্টি করা চাই।

—ঘরে বাইরে

☐ দুঃখ

এমন দুঃখ আছে যাকে ভোলার মত দুঃখ আর নেই।—রক্ত করবী

☐ দেশ

দেশ কেবল ভৌমিক নয়, দেশ মানসিক।—মানুষের ধর্ম

☐ ধন

ধনের অর্থই অসাম্য।—কালান্তর

☐ ধর্ম

ধর্ম আর ধর্মতন্ত্র এক জিনিস নহে, ও যেন আগুন আর ছাই।

—কর্তার ইচ্ছায় কর্ম

☐ পাপ

পাপকে ঠেকাবার জন্যে কিছু না করাই তো পাপ।—তপতী

☐ পুলিশ

পুলিশ একবার যে চারায় অল্প মাত্রও দাঁত চালাইয়াছে সে চারায় কোনো কালে ফুলও ফোটে না, ফলও ধরে না।—কালান্তর

☐ বিবাহ

জঞ্জাল তোলার সবচেয়ে ভাল ঝুড়ি হচ্ছে বিবাহ।—চার অধ্যায়

☐ ভালবাসা

ভালবাসা ব্যথা দেয় যারে ভালবাসে।—গীতবিতান

☐ ভাষা

ভাষা নিয়ে মানুষের প্রতীকের কারবার।—বাংলাভাষা পরিচয়

☐ মন

মন দিয়ে মন বোঝা যায়।—রাজা ও রানী

☐ মা

একটি ছেলে আসিয়া মাকে পৃথিবীর সকল ছেলের মা করিয়া দেয়।
—বিচিত্র প্রবন্ধ

☐ মানুষ

মানুষ অনেকখানি ছেলে মানুষ, তাকে রূপকথা দিয়ে ভোলাতে হয়।
—গল্পস্বল্প

☐ মুক্তি

কর্মকে আনন্দোদ্ভব কর্ম করাই মুক্তি।—শান্তিনিকেতন

☐ মৃত্যু

মৃত্যু সে যে পথিকের ডাক।—পূরবী

☐ মেয়ে

আইডিয়া—বিহারী সূক্ষ্ম প্রাণীদের জন্যে মেয়েদের সৃষ্টি হয় নি।
—ঘরে বাইরে

☐ রাজনীতি

তিক্ত বড়িকে মিষ্ট আকারে গেলানো রাজনীতির নৈপুণ্য।
—সমূহ-পরিশিষ্ট

☐ লাইব্রেরি

হিমালয়ের মাথার উপরে কঠিন বরফের মধ্যে যেমন কত শত বন্যা বাঁধা আছে, তেমনি এই লাইব্রেরির মধ্যে মানব হৃদয়ের বন্যাকে বাঁধিয়া রাখিয়াছে।
—বিচিত্র প্রবন্ধ

☐ লাভ

মূর্খেরা লাভ করে উন্নতি, যোগ্য ব্যক্তিরা লাভ করে গৌরব।—দুইবোন

☐ শক্তি

বাধা পেলে শক্তি নিজেকে চিনতে পারে—চিনতে পারলেই আর ঠেকানো যায় না। —কালের যাত্রা

☐ সত্য

যেটা সত্য সেটা ভালোও নয় মন্দও নয়, সেটা সত্য।—ঘরে বাইরে

☐ সভ্যতা

বিচিত্রকে মিলিত করিবার শক্তিই সভ্যতার লক্ষণ।—আত্মশক্তি

☐ সাহিত্য

সাহিত্যে আমরা জগতের সত্য চাই, কিন্তু জগতের ভার চাহি না।

—আধুনিক সাহিত্য

উক্তি রত্নাবলী

১। মরণরে তুঁহুঁ মম শ্যাম সমান—কোন্ কবিতায় রয়েছে ?

☐ 'মরণ'—"ভানুসিংহ ঠাকুরের পদাবলী" গ্রন্থে।

২। দূর হতে শুনি যেন মহাসাগরের গান—কোন্ কবিতায় রয়েছে।

☐ 'নির্ঝরের স্বপ্নভঙ্গ'—"প্রভাত সংগীত" কাব্যগ্রন্থে।

৩। মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে—কোন্ কবিতায় রয়েছে ?

☐ 'প্রাণ'—কড়ি ও কোমল কাব্যগ্রন্থে।

৪। বাহুলতা শুধু বন্ধন পাশ বাহু তোমার—কোন্ কবিতায় আছে ?

☐ 'ভুলভাঙ্গা'—"মানসী" কাব্যগ্রন্থে।

৫। ক্ষুধা মিটাবার খাদ্য নহে যে মানব—কোন্ কবিতায় রয়েছে ?

☐ 'নিষ্ফল কামনা'—"মানসী" কাব্যগ্রন্থে।

৬। ভালবাসো, প্রেমে হও বলী—চেয়ো না তাহারে ? কোথায় রয়েছে ?

☐ 'নিষ্ফল কামনা'—"মানসী" কাব্যগ্রন্থে।

৭। মিছেতর্ক থাক্ তবে থাক্ কেন কাঁদি বুঝিতে পার না ? কোন্ কাব্যগ্রন্থে রয়েছে ?

☐ "মানসী" কাব্যগ্রন্থে 'নারীর উক্তি' কবিতায়।

৮। কেন তুমি মূর্তি হয়ে এলে—কোন্ কবিতায় রয়েছে ?

☐ 'পুরুষের উক্তি' কবিতায়—"মানসী" কাব্যগ্রন্থে।

৯। বেলা যে পড়ে এল, জলকে চল্—কোন্ কবিতার অংশ ?

☐ 'বধূ' কবিতার।

১০। ইঁটের পরে ইঁট, মাঝে মানুষ-কীট—কোন্ কবিতায় রয়েছে ?

☐ 'বধূ' কবিতায়।

১১। হায়রে রাজধানী পাষাণ কারা—কোন্ গ্রন্থে রয়েছে ?

☐ "মানসী" কাব্যগ্রন্থে 'বধূ' কবিতায়।

১২। বাড়ে তৃষ্ণা, কোথা পিপাসার জল অকূল লবণনীরে—কোন্ কবিতার অংশ ?

☐ 'সূরদাসের প্রার্থনা'—কাব্যগ্রন্হ "মানসী"।

১৩। যাব আজীবন পাষাণ কঠিন সরণে।
যদি মৃত্যুর মাঝে নিয়ে যায় পথ সুখ আছে সেই মরণে ॥
কোথায় রয়েছে ?

☐ "মানসী" কাব্যগ্রন্হের 'ভৈরবীগান' কবিতায়।

১৪। আমরা দুজনে ভাসিয়া এসেছি যুগল প্রেমের স্রোতে—কোন্ কবিতায় রয়েছে ?

☐ 'অনন্ত প্রেম' কবিতায়।

১৫। কে দিয়েছে হেন শাপ, কেন ব্যবধান— কোন্ কবিতার অংশ ?

☐ 'মেঘদূত' কবিতার।

১৬। চির পরিচয় মাঝে নব পরিচয়—কোন কবিতায় রয়েছে ?

☐ 'অহল্যার প্রতি' কবিতায়।

১৭। ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোটো সে তরী—কোন্ কবিতার অংশ ?

☐ 'সোনারতরী', "সোনারতরী" কাব্যগ্রন্হ।

১৮। যেখানে প্রেমনাই, বোবার সভা, সেখানে গান নাহি জাগে—কোন্ কবিতায় আছে ?

☐ 'গানভঙ্গ'—"সোনারতরী"।

১৯। তবু যেতে দিতে হয়, তবু চলে যায়—কোন্ কবিতায় আছে।

☐ 'যেতে নাহি দিব'—"সোনার তরী" কাব্যগ্রন্হ।

২০। বধূরে আমার পেয়েছি আবার ভরেছে কোল-- কোথায় রয়েছে ?

☐ 'ঝুলন'—"সোনারতরী" কাব্যগ্রন্হ।

২১। ওরে তুই ওঠ্ আজি আগুন লেগেছে কোথা—কোন্ কবিতায় রয়েছে ?

☐ 'এবার ফিরাও মোরে'—"চিত্রা" কাব্যগ্রন্হ।

২২। বলো, মিথ্যা আপনার সুখ, মিথ্যা আপনার দুঃখ—কোন্ কবিতায় রয়েছে ?

☐ 'এবার ফিরাও মোরে'—"চিত্রা" কাব্যগ্রন্হে।

২৩। তুমি দ্বিজোত্তম, তুমি সত্যকুলজাত—কোন্ কবিতায় রয়েছে ?
☐ 'ব্রাহ্মণ'—"চিত্রা" কাব্যগ্রন্থ।

২৪। তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে—কোন্ কবিতায় রয়েছে ?
☐ 'দুই বিঘা জমি'—"চিত্রা" কাব্যগ্রন্থ।

২৫। তুই মোর মালঞ্চের হবি মালাকার—কোন্ কবিতায় রয়েছে ?
☐ 'আবেদন'—"চিত্রা" কাব্যগ্রন্থে।

২৬। মর্তভূমি স্বর্গ নহে, সে যে মাতৃভূমি—কোন্ কবিতার অংশ ?
☐ 'স্বর্গ হইতে বিদায়'—"চিত্রা" কাব্যগ্রন্থ।

২৭। কহিল ভিক্ষার ঝুলি টাকার থলিরে—কোন্ কাব্যগ্রন্থে আছে ?
☐ "কণিকা" কাব্যগ্রন্থে।

২৮। কেরোসিন-শিখা বলে মাটির প্রদীপে—কোন কাব্যগ্রন্থে আছে ?
☐ "কণিকা" কাব্যগ্রন্থে।

২৯। 'কত বড় আমি' কহে নকল হীরাটি—কোন্ কাব্যগ্রন্থে রয়েছে ?
☐ "কণিকা" কাব্যগ্রন্থে।

৩০। হাস্যমুখে অদৃষ্টেরে করব মোরা পরিহাস—কোন্ কবিতায় রয়েছে ?
☐ 'হতভাগ্যের গান'—"কল্পনা" কাব্যগ্রন্থ।

৩১। চল্ তোরে দিয়ে আসি সাগরের জলে—কোন্ কবিতায় আছে ?
☐ 'দেবতার গ্রাস'।

৩২। হে বিদেশী এসো এসো—কোন্ কবিতায় রয়েছে ?
☐ 'পরিশোধ'—"কথা" কাব্যগ্রন্থ।

৩৩। আগে কেবা প্রাণ করিবেক দান, তারি লাগি তাড়াতাড়ি—কোন্ কবিতার অংশ ?
☐ 'বন্দী বীর'—"কথা" কাব্যগ্রন্থ।

৩৪। দেবতা ভুলিতে পারে এ পাপ আমার—কোন্ কবিতার অংশ ?
☐ 'নরকবাস'—"কাহিনী" কাব্যগ্রন্থ।

৩৫। ক্ষুদ্র নহে ঈর্ষা সুমহতী—কোন্ কাব্যগ্রন্থে আছে ?
☐ "কাহিনী" কাব্যগ্রন্থে—'গান্ধারীর আবেদন' কবিতায়।

৩৬। লোকধর্ম রাজধর্ম এক নহে পিতঃ—কোথায় রয়েছে ?

☐ "কাহিনী" কাব্যগ্রন্থে—'গান্ধারীর আবেদন' কবিতায়।

৩৭। ধর্মেই ধর্মের শেষ—কোন্ কবিতায় রয়েছে ?

☐ 'গান্ধারীর আবেদন' কবিতায়।

৩৮। দণ্ডিতের সাথে দণ্ডদাতা কাঁদে যবে সমান আঘাতে সর্বশ্রেষ্ঠ সে বিচার—কোন্ কবিতায় আছে ?

☐ 'গান্ধারীর আবেদন' কবিতায়।

৩৯। আমি রব নিষ্ফলের হতাশের দলে—কোন্ কবিতার অংশ ?

☐ 'কর্ণ কুন্তী সংবাদ'—"কাহিনী" কাব্যগ্রন্থ।

৪০। বৈরাগ্য সাধনে মুক্তি সে আমার নয়—কোন্ কবিতার অংশ ?

☐ 'মুক্তি'—"নৈবেদ্য" কাব্যগ্রন্থ।

৪১। অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণ সম দহে—কোন্ কবিতার অংশ ?

☐ 'ন্যায়দণ্ড'—"নৈবেদ্য" কাব্যগ্রন্থ।

৪২। ইচ্ছা হয়ে ছিলি মনের মাঝারে—কোন্ কবিতার অংশ ?

☐ 'জন্ম কথা'—"শিশু" কাব্যগ্রন্থ।

৪৩। ঘরে ঘরে আছে পরমাত্মীয়, তারে আমি ফিরি খুঁজিয়া—কোন্ কবিতার অংশ ?

☐ 'প্রবাসী'—"উৎসর্গ" কাব্যগ্রন্থ।

৪৪। আমি কী দিলেম কারে জানে না সে কেউ, ধূলায় রহিল ঢাকা—কোন্ কবিতার অংশ ?

☐ 'শুভক্ষণ'—"খেয়া" কাব্যগ্রন্থ।

৪৫। কর্মযোগে তার সাথে এক হয়ে ঘর্ম পড়ুক ঝরে—কোন্ কবিতায় রয়েছে ?

☐ 'ধূলামন্দির'—"গীতাঞ্জলি" কাব্যগ্রন্থ।

৪৬। আগুনের পরশমনি ছোঁয়াও প্রাণে—কোন্ কবিতার অংশ ?

☐ 'পরশমণি'—"গীতিমাল্য"।

৪৭। নও ছবি, নও ছবি, নও শুধু ছবি—কোন্ কবিতায় রয়েছে ?

☐ 'ছবি'—"বলাকা" কাব্যগ্রন্থ।

৪৮। নাই নাই নাই যে সময়—কোন্ কবিতায় রয়েছে ?

☐ 'শা-জাহান'—"বলাকা" কাব্যগ্রন্থ।

৪৯। ভূবনের ঘাটে ঘাটে এক হাটে লও বোঝা শূন্য করে দাও অন্য হাটে —কোন্ কবিতার অংশ ?

☐ 'শা-জাহান'—"কাব্য" কাবগ্রন্থ

৫০। বাজে পূরবীর ছন্দে রবির শেষ রাগিনীর বীন—কোন্ কবিতার অংশ ?

☐ 'লীলাসঙ্গিনী'—"পূরবী" কাব্যগ্রন্থ।

৫১। রাতের সব তারাই আছে দিনের আলোর গভীরে—কোন্ কবিতার অংশ ?

☐ 'হঠাৎ দেখা'—"শ্যামলী" কাব্যগ্রন্থ ?

৫২। সময় কোথা সময় নষ্ট করবার—কোন্ কবিতার অংশ ?

☐ 'হঠাৎ দেখা'—"শ্যামলী" কাব্যগ্রন্থ।

৫৩। হায় ছায়া বৃতা, কালো ঘোমটার নীচে অপরিচিত ছিল তোমার মানব রূপ—কোন্ কবিতায় রয়েছে ?

☐ 'আফ্রিকা' কবিতায়।

৫৪। কোল্কাতা সেই আছে কোল্কাতায়—কোন্ কবিতায় রয়েছে ?

☐ 'চলন্ত কলিকাতা'—"চিত্রবিচিত্র" কাব্যগ্রন্থ।

৫৫। ঢাকিরা ঢাক বাজায় খালে বিলে'—কোন্ কবিতায় রয়েছে ?

☐ 'ঢাকিরা ঢাক বাজায় খালে বিলে'—"আকাশ প্রদীপ" কাব্যগ্রন্থে।

৫৬। এ প্রাণ রাতের রেলগাড়ি
দিল পাড়ি—কোন্ কাব্যগ্রন্থে আছে ?

☐ "নবজাতক" কাব্যগ্রন্থে, 'রাতের গাড়ি' কবিতায়।

৫৭। গ্যাঁ গ্যাঁ করে রেডিয়োটা—কে জানে কার জিত।
মেশিন্ গানে গুঁড়িয়ে দিল সভ্যবিধির ভিত॥
—কোন কবিতার অংশ ?

☐ 'শ্রাদ্ধ'—"ছড়া" গ্রন্থ।

৫৮। ওই শোনা যায় রেডিয়োতে বোঁচা গোঁফের হুমকি—কোন্ কবিতার অংশ ?

☐ 'শ্রাদ্ধ' কবিতার।

৫৯। সবচেয়ে দুর্গম যে মানুষ আপন-অন্তরালে—কোন্ কবিতার অংশ?

☐ 'ঐক্যতান'—"জন্মদিনে" কাব্যগ্রন্থ।

৬০। ওরা চিরকাল টানে দাঁড় ধরে থাকে হাল—কোন্ কবিতার অংশ ?

☐ 'ওরা কাজ করে'—"আরোগ্য" কাব্য।

৬১। তোমার ধূলির তিলক পরেছি ভালে—কোন্ কবিতার অংশ ?

☐ 'মধুময় পৃথিবীর ধূলি'।

৬২। আমি হয় পাব, নয় নষ্ট করব—কোন্ নাটকে আছে ?

☐ "রক্ত করবী" নাটকে।

৬৩। ঐ ছোটোগুলো হতে থাকে ছাই, আর বড়োটা জ্বলতে থাকে শিখা। এই হচ্ছে বড়ো হবার তত্ত্ব—কোন্ নাটকে রয়েছে ?

☐ "রক্ত করবী" নাটকে।

৬৪। আমি যৌবনকে মেরেছি—এতদিন ধরে আমার সমস্ত শক্তি দিয়ে কেবল যৌবনকে মেরেছি ? কোন্ নাটকে রয়েছে ?

☐ "রক্ত করবী" নাটকে।

৬৫। সুন্দরের হাতে রক্তের তুলি দিয়েছে বিধাতা—কোথায় আছে পংক্তিটি ?

☐ "রক্ত করবী" নাটকে।

৬৬। আমি তপ্ত, আমি রিক্ত, আমি ক্লান্ত—কোথায় রয়েছে পংক্তিটি ?

☐ "রক্ত করবী" নাটকে।

৬৭। আজ ধনীর আছে ধন, তার মূল্য গেছে ফাঁক হয়ে গজভুক্ত কপিত্থের মতো—কোথায় রয়েছে পংক্তিটি ?

☐ "কালের যাত্রা" নাটকে।

৬৮। অন্যসব শক্তি আজ অর্থহীন, তোমাদের অর্থবান হাতের পরীক্ষা হোক—কোথায় রয়েছে পংক্তিটি ?

☐ "কালের যাত্রা" নাটকে।

৬৯। মাতালের কাছে রাজপথও হয়ে ওঠে বন্ধুর—কোথায় রয়েছে পংক্তিটি ?

☐ "কালের যাত্রা" নাটকে।

৭০। মানুষের সঙ্গে মানুষকে বাঁধে যে বাঁধন তাকে ওরা মানেনি—কোন্ নাটকের সংলাপ ?

☐ "কালের যাত্রা" নাটকের।

৭১। রাজার বংশে কত দাসী জন্মায় ঘরে ঘরে, আমি দাসী নই—কোথায় রয়েছে পংক্তিটি ?

☐ "চাণ্ডালিকা" নাটকে।

৭২। লজ্জা, লজ্জা, হায় এ কী লজ্জা—কোন্ নাটকের সংলাপ ?

☐ "চিত্রাঙ্গদা"।

৭৩। তোমার মধ্যে আমার উপমা আছে—কোন্ নাটকের সংলাপ ?

☐ "অরূপরতন" নাটকের।

৭৪। পুন্যরক্ত পান করে সে মহারাক্ষসী ফেটে মরে গেছে—কোন নাটকের সংলাপ ?

☐ "বিসর্জন" নাটকের।

৭৫। যার হিংসা আছে ভয় তাকে কামড়ে লেগে থাকে—কোথায় রয়েছে এই উক্তিটি ?

☐ "মুক্তধারা" নাটকে।

৭৬। আমার ধর্ম হইল একজন কবির ধর্ম—কোথায় বলেছেন কবি ?

☐ হিচার্ট লেক্‌চারস্।

৭৭। বিদ্যাসাগর বাংলা ভাষার প্রথম যথার্থ শিল্পী ছিলেন—কোন প্রবন্ধে রয়েছে ?

☐ 'বিদ্যাসাগর চরিত' প্রবন্ধে।

৭৮। আগমনী এবং বিজয়া বাংলার মাতৃহৃদয়ের গান—কোথায় রয়েছে এই উক্তিটি ?

☐ 'ছেলে ভুলানো ছড়া'—"লোকসাহিত্য"।

৭৯। যারে তুমি নীচে ফেল সে তোমাকে বাঁধিবে নীচে—কোন্ কাব্য-গ্রন্থের পংক্তি ?

☐ "গীতাঞ্জলি"।

৮০। রবি শুধু অসীমের সীমা—কোন্ কবিতায় রয়েছে পংক্তিটি ?

☐ "মানসী" উপহার অংশে।

৮১। নহমাতা, নহকন্যা, নহবধূ সুন্দরী রূপসী—কোন্ কবিতায় রয়েছে ?

☐ 'উর্বশী', "চিত্রা" কাব্যগ্রন্থে।

৮২। শুধু অকারণ পুলকে—পংক্তিটি কোন্ কাব্যগ্রন্থে রয়েছে ?

☐ "ক্ষণিকা" কাব্যগ্রন্থে।

৮৩। জীবনের ধন কিছুই যাবে না ফেলা—কোন্ কাব্যগ্রন্থের গান ?

☐ "গীতালি"।

৮৪। হেথা নয়, অন্য কোথা, অন্য কোথা, অন্য কোনখানে—কোন্ কাব্যগ্রন্থের পংক্তি ?

☐ "বলাকা" কাব্যগ্রন্থ।

৮৫। নাগিনীরা চারিদিকে ফেলিতেছে বিষাক্ত নিশ্বাস·
শান্তির ললিত বাণী শোনাইবে ব্যর্থ পরিহাস
—কোন্ কাব্যগ্রন্থের পংক্তি ?

☐ "প্রান্তিক" কাব্যগ্রন্থের ১৮ নং কবিতা।

৮৬। আমি পৃথিবীর কবি—কোন্ কবিতার পংক্তি ?

☐ 'ঐক্যতান'।

৮৭। এ আমার এ তোমার পাপ—কোন্ কাব্যগ্রন্থের পংক্তি ?

☐ "বলাকা" কাব্যগ্রন্থের।

৮৮। নদীর এপার কহে ছাড়িয়া নিশ্বাস—কোন্ কাব্যগ্রন্থের পংক্তি ?

☐ "কণিকা"—'মোহ' কবিতা।

৮৯। এ মণি হার আমায় নাহি সাজে—কোন্ কাব্যগ্রন্থের পংক্তি ?

☐ গীতিমাল্য।

৯০। রাজার হস্ত করে সমস্ত কাঙ্গালের ধনচুরী।
—কোন্ কবিতার পংক্তি ?

☐ 'দুইবিঘা জমি'।

৯১। কথা কি মুখের কথাতেই শেষ হয় ? সমস্ত জীবনে কত কথা শেষ হয় না—কোন্ উপন্যাসে রয়েছে ?

☐ 'ঘরে বাইরে'।

৯২। মেয়েদের বিস্তর অলংকার সাজে এবং বিস্তর মিথ্যাও মানায়—কোথায় রয়েছে ?

☐ 'ঘরে বাইরে'।

৯৩। তোমার লোভ আছে, তাই তুমি দেওয়াল গাঁথ।
আমার লোভ আছে, তাই আমি সিঁধ কাটি—
কোথায় আছে? কার উক্তি?

☐ 'ঘরে বাইরে' উপন্যাসে সন্দীপের উক্তি।

৯৪। মেয়েমানুষ যে পদ্মবনের পঙ্কজ তার তলাকার পঙ্ক ঘুলিয়ে উঠল। কোথায় রয়েছে এই উক্তিটি?

☐ 'ঘরে বাইরে' উপন্যাসে।

৯৫। মানুষ আপনাকে যা বলে জানে মানুষ তা নয়, সেই জন্যেই এত অঘটন ঘটে—কোথায় রয়েছে?

☐ 'ঘরে বাইরে' উপন্যাসে।

৯৬। বিরহে যে মন্দির শূন্য হয় সে মন্দিরে শূন্যতার মধ্যেও বাঁশি বাজে। কিন্তু বিচ্ছেদে যে মন্দির শূন্য হয় সে বড় নিস্তব্ধ। —কোথায় রয়েছে উক্তিটি?

☐ 'ঘরে বাইরে' উপন্যাসে।

৯৭। মোহকে ভাঙবার জন্যেই দেবতা। রাখবার জন্য অপদেবতা— কোথায় আছে উক্তিটি?

☐ ঘরে বাইরে উপন্যাসে।

৯৮। চোরই চুরি করি, বিজয়ী রাজা লুট করে নেয়— কোথায় রয়েছে উক্তিটি?

☐ 'ঘরে বাইরে' উপন্যাসে।

৯৯। মেয়ে মানুষ অত সোজা নয়—সে নরম বলেই অমন একটু আধটু নুয়ে থাকে, তাতে দোষ নেই—কোথায় রয়েছে উক্তিটি?

☐ 'ঘরে বাইরে' উপন্যাসে।

১০০। হিতৈষীর স্বার্থহীন অত্যাচার যত ধরনীরে সবচেয়ে করেছে বিক্ষত —উক্তিটি কোথায় রয়েছে?

☐ 'লেখন' গ্রন্থে।

১০১। আসল কথা, সকল জাতির মধ্যেই অত্যুক্তি ও আতিশয্য আছে— কোথায় রয়েছে উক্তিটি?

☐ 'অত্যুক্তি', 'ভারতবর্ষ' গ্রন্থে।

১০২। দাও মোরে সন্তোষের মহা অধিকার—কোথায় রয়েছে?

☐ নৈবেদ্য—৯১।

১০৩। দুর্বলের পক্ষে সবলের অনুকরণ ভয়াবহ—কোথায় রয়েছে ?

☐ 'সিরাজদ্দৌলা'—আধুনিক সাহিত্য' গ্রন্থে।

১০৪। তুমি সুন্দর নও প্রভু, সুন্দর নও—তুমি অনুপম—উক্তিটি কোথায় রয়েছে ?

☐ 'রাজা'—২০ নং পরিচ্ছেদ।

১০৫। যাদের অনেক আছে তাদেরই অনেক আশঙ্কা—কোন্ গ্রন্থে রয়েছে উক্তিটি ?

☐ 'নটীর পূজা' গ্রন্থে।

১০৬। অন্ধকার মানুষের বিচরণ ভূমি—কোথায় রয়েছে ?

☐ 'প্রকৃতির প্রতিশোধ' গ্রন্থে।

১০৭। অন্ধকার নিকট করে
আলোতে করে দূর—কোথায় রয়েছে উক্তিটি ?

☐ 'মানসী' কাব্য গ্রন্থের 'অপেক্ষা' কবিতায়।

১০৮। প্রেমের অন্ন হাত খালি করিয়া দিয়া অঞ্জলি পাতিয়া চাহিতে পারিলেই হয়—কোথায় রয়েছে উক্তিটি ?

☐ 'সঞ্চয়'—'রোগীর নববর্ষ'।

১০৯। ভোগ সুখের এই ভয়ংকর অভিশাপ যে, সুখ অধিক দিন থাকে না, কিন্তু বন্ধন দুশ্ছেদ্য হইয়া উঠে—কোন স্থানে, উক্তিটি রয়েছে ?

☐ 'চোখের বালি' কাব্যগ্রন্থের ১০ম পরিচ্ছেদ।

১১০। অভ্যেস অভ্যাসের চক্র, যা কোন জায়গাতেই নিয়ে যায় না, কেবল নিজের মধ্যেই ঘুরিয়ে মারে—কোথায় রয়েছে উক্তিটি ?

☐ 'অচলায়তন' গ্রন্থে।

১১১। লক্ষ্মীর অমৃত ভাণ্ডার ফুরাবে না বলেই মাঝে মাঝে তিনি আমাদের পাত্র ভেঙে দিয়ে কাঁদিয়ে হাসেন—উক্তিটি কোথায় রয়েছে ?

☐ 'ঘরে বাইরে' উপন্যাসে।

১১২। দাও ফিরে সে অরণ্য, নও এ নগর—কোথায় রয়েছে ?

☐ 'সভ্যতার প্রতি'—'চৈতালি' কাব্যগ্রন্থ।

১১৩। হৃদয় নামেতে এক বিশাল অরণ্য আছে—কোথায় রয়েছে ?

☐ 'তিনসঙ্গী' গ্রন্থে।

১১৪। অরসিকদের চক্ষে যা সহজ তাহা তুচ্ছ—উক্তিটি কোথায় রয়েছে ?

☐ 'আধুনিক সাহিত্য' গ্রন্থে।

১১৫। যেমন রমনীর তেমনি পদ্যেরও অলংকারের প্রতি টান বেশী—কোথায় রয়েছে পংক্তিটি ?

☐ 'কাদম্বরী চিত্র'—'প্রাচীন সাহিত্য'।

১১৬। নতুনকে দেখতে হলে মনকে একটু বিশেষ করে বাতি জ্বালাতে হয়—কোথায় রয়েছে ?

☐ 'জাপান-যাত্রী' গ্রন্থে।

১১৭। নদী আনন্দে বয়ে চলে—কোথায় রয়েছে উক্তিটি ?

☐ 'ফাল্গুনী' গ্রন্থে।

১১৮। আগুনের পরশমনি ছোঁয়াও প্রাণে—কোন্ গ্রন্থে উক্তিটি রয়েছে ?

☐ 'গীতালি' গ্রন্থে।

১১৯। আচারকে শক্ত করে তুললে বিচারকে ঢিলে করতেই হয়—কোন্ গ্রন্থে উক্তিটি রয়েছে ?

☐ 'জাপান যাত্রী' গ্রন্থে।

১২০। আদরে না কুলালে গাল দিয়ে আদর করতে হয়—কোথায় রয়েছে উক্তিটি ?

☐ 'প্রজাপতির নির্বন্ধ' গ্রন্থে।

১২১। আজকের দিনের আধুনিকরা উপার্জন করতে চায়, উপলব্ধি করতে চায় না—কোথায় রয়েছে ?

☐ 'ফাল্গুনী' গ্রন্থে।

১২২। আমরা হয় প্রচুর রূপে নগ্ন, নয় প্রচুর রূপে আবৃত—কোথায় রয়েছে উক্তিটি ?

☐ 'অত্যুক্তি'—'ভারতবর্ষ' গ্রন্থে।

১২৩। আমরা না পড়িয়া পণ্ডিত, আমরা না লড়িয়া বীর, আমরা ধাঁ করিয়া সভ্য, আমরা ফাঁকি দিয়া পেট্রিয়ট—কোথায় রয়েছে উক্তিটি ?

☐ চিঠিপত্র—৪, ৫।

১২৪। আমার মাঝে তোমার লীলা হবে—কোথায় রয়েছে ?

☐ গীতাঞ্জলি—১৩০ নং।

১২৫। হঠাৎ আলোর ঝলকানি লেগে ঝলমল করে চিত্ত—কোথায় রয়েছে উক্তিটি।

☐ 'পথেরবাঁধন'—'মহুয়া' কাব্যগ্রন্থ।

১২৬। ধন নয়, মান নয়, কিছু ভালবাসা করেছিনু আশা—কোথায় রয়েছে উক্তিটি ?

☐ 'আশা'—'পূরবী' কাব্যগ্রন্থ।

১২৭। বহু যুগের ওপার হতে আষাঢ় এল আমার মনে—কোথায় রয়েছে উক্তিটি ?

☐ 'নব গীতিকা' কাব্যগ্রন্থে।

১২৮। স্ত্রীলোকের ইচ্ছার একেবারে খাড়া উল্টোমুখে চলতে গেলে বিপদে পড়বে—উক্তিটি কোথায় আছে ?

☐ 'শোধবোধ'।

১২৯। ঋণ তারাই গোপন করতে চেষ্টা করে-ঋণ যাদের হাতে ঋণই রয়ে গেছে ধন হয়ে ওঠেনি—কোথায় রয়েছে উক্তিটি ?

☐ 'জাপান যাত্রী'।

১৩০। মা হলেন বর্ষাঋতু···আর প্রিয়া ঋতু—কোথায় রয়েছে এই উক্তিটি ?

☐ 'দুইবোন' গ্রন্থে।

১৩১। একলা চলো, একলা চলো, একলা চলো, একলা চলোরে—কোথায় রয়েছে ?

☐ 'গীতবিতান'।

১৩২। বিধাতা চান···বহুকে গেঁথে গেঁথে সৃষ্টি হবে ঐক্যের—কোথায় রয়েছে উক্তিটি ?

☐ 'চরকা'—'কালান্তর'।

১৩৩। কোন্ কথার টিকে কোন্ চালে আগুন লাগায় কেউ জানে না—কোথায় আছে উক্তিটি ?

☐ 'রক্ত করবী' নাটকে।

১৩৪। বিনা মাইনের কাজ কাজও নয়, ছুটিও নয়, বারো আনা ফাঁক—কোথায় রয়েছে ?

☐ 'শেষের কবিতা' উপন্যাসে।

১৩৫। কালের যাত্রার ধ্বনি শুনিতে কি পাও
তারি রথ নিত্যই উধাও—উক্তিটি কোথায় রয়েছে ?

☐ 'বিদায়'—'মহুয়া' কাব্যগ্রন্থে।

১৩৬। কৃপণ এগতে চায় না, আগলাতে চায়—কোথায় রয়েছে উক্তিটি ?

☐ 'যাত্রী' গ্রন্থে।

১৩৭। শুধু অকারণ পুলকে—পংক্তিটি কোথায় আছে ?

☐ 'ক্ষণিকা' কাব্যগ্রন্থে।

১৩৮। খোকা যাবে বেড়ু করতে তেলিমাগীদের পাড়া—কোথায় রয়েছে ?

☐ 'ছেলে ভুলানো ছড়া'—'লোকসাহিত্য' গ্রন্থে।

১৩৯। গল্প ফুরোয় না, গল্প বলিয়ের দিন ফুরোয়—কোথায় রয়েছে ?

☐ 'সে' গ্রন্থে।

১৪০। মন দিয়ে যার নাগাল নাহি পাই,
গান দিয়ে সেই চরণ ছুঁয়ে যাই—কোথায় রয়েছে ?

☐ গীতাঞ্জলি—৭৮ নং।

১৪১। পথ বেঁধে দিল বন্ধনহীন গ্রন্থি—উক্তিটি কোথায় রয়েছে ?

☐ 'মহুয়া' কাব্য গ্রন্থে।

১৪২। পান্থ তুমি, পান্থজনের সখা হে—কোথায় রয়েছে ?

☐ গীতালি—৯৫ নং।

১৪৩। সুখ গেছে, আছে সুখের ছলনা হৃদয়ে তোর—কোথায় রয়েছে উক্তিটি ?

☐ 'ভুলভাঙ্গা'—'মানসী' কাব্যগ্রন্থে।

১৪৪। নর দেবতার মত বালাই আর নাই—কোথায় রয়েছে ?

☐ 'গিন্নি'—'গল্পগুচ্ছ' গ্রন্থে।

১৪৫। দেবতারে প্রিয় করি, প্রিয়ে রে দেবতা—কোথায় রয়েছে ?

☐ 'বৈষ্ণব কবিতা'—'সোনার তরী' কাব্যগ্রন্থ।

১৪৬। পরিপূর্ণ দেহ মঞ্জরিত বল্লরীর মত—কোথায় রয়েছে উক্তিটি ?

☐ 'মানসসুন্দরী'—'সোনারতরী' গ্রন্থে।

১৪৭। নাম যার বড়ো তার সংসারটা ঘরে অল্প, বাইরেই বেশী—কোথায় রয়েছে উক্তিটি ?

☐ 'শেষের কবিতা' উপন্যাসে।

১৪৮। জন্তুরা পেয়েছে বাসা, মানুষ পেয়েছে পথ—কোথায় রয়েছে উক্তিটি ?

☐ 'মানুষের ধর্ম'।

১৪৯। পেয়েছি ছুটি, বিদায় দেহো ভাই,
সবারে আমি প্রণাম করে যাই—কোথায় রয়েছে উক্তিটি ?

☐ গীতিমাল্য—২৬ নং।

রবীন্দ্র বিচিত্রা

॥ ক ॥ রবীন্দ্রনাথের সর্বশেষ কবিতা। মহাকবির মহাপ্রয়াণের সাতদিন পূর্বে লিখিত।

"তোমার সৃষ্টির পথ, রেখেছ আকীর্ণ করি
বিচিত্র ছলনা-জালে,
হে ছলনাময়ী।

মিথ্যা বিশ্বাসের ফাঁদ পেতেছ নিপুণ হাতে
সরল জীবনে।
এই প্রবঞ্চনা দিয়ে মহত্ত্বেরে করেছ চিহ্নিত
তার তরে রাখোনি গোপন রাত্রি।

তোমার জোতিষ্ক তারে
যে পথ দেখায়—
সে যে তার অন্তরের পথ,
সে যে চির স্বচ্ছ,
সহজ বিশ্বাসে সে যে
করে তারে চির সমুজ্জ্বল।
বাহিরে কুটিল হোক অন্তরে সে ঋজু,
এই নিয়ে তাহার গৌরব।
লোকে তারে বলে বিড়ম্বিত।
সত্যেরে সে পায়
আপন আলোকে ধৌত অন্তরে অন্তরে।
কিছুতে পারে না তারে প্রবঞ্চিতে,
শেষ পুরস্কার নিয়ে যায় সে যে
আপন ভাণ্ডারে।

অনায়াসে যে পেরেছে ছলনা সহিতে
সে পায় তোমার হাতে
শান্তির অক্ষয় অধিকার।"

॥ থ ॥ 'সোনার তরী' কবিতাটিকে ব্যঙ্গ করে দ্বিজেন্দ্রলাল 'সাহিত্য' পত্রিকায় 'একটি পুরাতন মাঝির গান' লেখেন। গানটি নিম্নরূপঃ

একটি পুরাতন মাঝির গান
[আধ্যাত্মিক ব্যাখ্যা]

(১)

"ঘাটে ডিঙ্গ লাগায়ে বন্ধু পান খেয়ে যাও।
পান খেয়ে যাও বন্ধু পান খেয়ে যাও।

(২)

কোন গেরামের লাও তোমার কোন গেরামের লাও ?
একটা কথা কও বা না কও, পান খেয়ে যাও।

(৩)

আমার গাছের পান সুপারী তোমায় দিমু ভাও
বাড়ির কথা শ্যাষে হবে—পান খাইয়া যাও।"

॥ গ ॥ 'সাহিত্য' পত্রিকায় দ্বিজেন্দ্রলাল রবীন্দ্রসাহিত্যকে দুর্নীতির দায়ে অভিযুক্ত করেন "কাব্যেনীতি" প্রবন্ধেঃ

"রবীন্দ্রবাবুর প্রেমের গানগুলি নিন। 'সে আসে ধীরে', 'সে কেন চুরি করে চায়', 'দুজনে দেখা হল পথেরি মাঝে', ইত্যাদি বহুতর বিখ্যাত গান সবই ইংরেজী কোর্টসিপের গান। তাঁহার 'তুমি যেওনা এখনই', 'কেন যামিনী না যেতে জাগালে না' ইত্যাদি গান লম্পট বা অভিসারিকার গান।"

॥ ঘ ॥ হিজলী রাজবন্দীগণের অভিনন্দন ঃ

বাংলার একতারায় বিশ্ববাণীর ঝঙ্কার তুলিয়াছ তুমি, হে বাউল কবি, তোমার জন্মদিনে আজ তোমাকে প্রণাম করি। সঙ্কীর্ণ-স্বার্থ-সঙ্কুচিত দ্বন্দ্বপর বিশ্বসমাজকে মৈত্রী, করুণা ও কল্যাণের মন্ত্র দান করিয়াছ তুমি, হে বিশ্বকবি, তোমার জন্মদিনে আজ তোমাকে শ্রদ্ধা নিবেদন করি।

বন্ধন বিমূঢ় অবমানিতের মর্মবেদনাকে ভাষাদান করিয়াছ হে দরদী, তোমার জন্মদিনে আজ তোমার কল্যাণ কামনা করি।
বিশ্বদেবতার চরণে গীতাঞ্জলি দান করিয়া বিশ্বের বরমাল্য লাভ করিয়াছ তুমি, হে গুণি, তোমার জন্মদিনে তোমাকে অভিনন্দিত করি। এই শ্রদ্ধাঞ্জলি তুমি গ্রহণ কর। ইতি

রাজবন্দীগণ—১৬ই পৌষ ১৩৩৮

৬॥ অভিনন্দনের উত্তরে রবীন্দ্রনাথ ঃ

কল্যাণীয়েষু,

কারান্ধকার থেকে উচ্ছ্বসিত তোমাদের অভিনন্দন আমার মনকে গভীরভাবে আন্দোলিত ক'রচে। কিছুতে যাকে বদ্ধ করতে পারে না, সেই মুক্তি তোমাদের অন্তরের মধ্যে অচারিত হোক্, এই আমি কামনা করি।

ইতি
সমব্যথিত
শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর
২২শে জানুয়ারী ১৯৩২

———